



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
কর নীতি শাখা

## পরিপত্র নং-১ (আয়কর)

২০১২-২০১৩ অর্থ বছরের বাজেট কার্যক্রমের মাধ্যমে  
আয়করের ক্ষেত্রে আনীত পরিবর্তন সম-স্থির বিবরণ

## সূচীপত্র

ক্রমিক	বিষয়		পৃষ্ঠা নং
১।	২০১২-২০১৩ কর বছরের জন্য প্রযোজ্য আয়কর হারঃ		৬
	(ক) ব্যক্তি শ্রেণীর কর হার	...	৬
	(খ) ব্যক্তির ক্ষেত্রে সারচার্জ	...	৭
	(গ) অনিবাসী ব্যক্তির করহার	...	৮
	(ঘ) কোম্পানীর করহার		৮
২।	১৯৮৪ এর ২ ধারায় উল্লেখিত কতিপয় সংজ্ঞার সংশোধন :	...	৯
৩।	আয়কর অধ্যাদেশের ১৯ ধারায় সংশোধন	...	১১
	(ক) (২১) উপ-ধারা সংশোধন	...	১১
	(খ) (২১B) উপ-ধারা সংশোধন	...	১১
	(গ) (২৪) উপ-ধারা সংশোধন	...	১২
	(ঘ) (২৬) উপ-ধারা সংশোধন	...	১৩
	(ঙ) (২৮) উপ-ধারা নতুন সংযোজন	...	১৪
৪।	স্বৈ" ছায় আয় ঘোষণা সংক্রান্ত নতুন ধারা ১৯E সংযোজন	...	১৫
৫।	ধারা ২৫ সংশোধন	...	২০
৬।	ধারা ৩০ সংশোধন	...	২০
৭।	ধারা ৪৬B সংশোধন	...	২২
৮।	ধারা ৪৬C সংশোধন	...	২২
৯।	ধারা ৪৭ সংশোধন	...	২২
১০।	ধারা ৫২ সংশোধন		২৩
১১।	ধারা ৫২K সংশোধন	...	২৫
১২।	ধারা ৫২N সংশোধন	...	২৬

১৩।	উৎসে আয়কর কর্তন/সংগ্রহ সংক্রান্তে নতুন ধারা 52R সংযোজন	...	২৬
১৪।	ধারা 53 সংশোধন	...	২৭
১৫।	ধারা 53A সংশোধন		২৭
১৬।	ধারা 53BB সংশোধন	...	২৮
১৭।	ধারা 53BBBB সংশোধন	...	২৮
১৮।	ধারা 53D সংশোধন	...	২৯
১৯।	উৎসে আয়কর কর্তন/সংগ্রহ সংক্রান্তে নতুন ধারা 53DDD, সংযোজন	...	২৯
২০।	ধারা 53F সংশোধন	...	২৯
২১।	ধারা 53FF সংশোধন	...	৩২
২২।	ধারা 53H সংশোধন	...	৩৩
২৩।	ধারা 53J সংশোধন	...	৩৪
২৪।	ধারা 53K সংশোধন	...	৩৪
২৫।	পৃথক আয় পরিগননা বিবরণী দাখিলের বিধান প্রবর্তন ধারা 75(2)(d)(iii)	...	৩৫
২৬।	ত্রৈমাসিক রিটার্ন পরীক্ষা করার বিধান সংযোজন ধারা 75A	...	৩৫
২৭।	ধারা 82BB সংশোধন	...	৩৫
২৮।	ধারা 82C এর সংশোধন	...	৩৬
২৯।	কর মামলা পুনঃ উন্মোচন সংক্রান্তে বিধান সংশোধন ধারা 93	...	৩৭
৩০।	ধারা 94 এর সংশোধন	...	৩৭
৩১।	Transfer Pricing সংক্রান্তে নতুন Chapter XIA সংযোজন	...	৩৭
৩২।	তল-শী ও জব্দকরণ সংক্রান্তে ধারা 117 এর সংশোধন	...	৪১

৩৩।	বিকল্প বিরোধ নিষ্পত্তি সংক্রান্তে নুতন ধারা 152II এর সংযোজন	...	৪২
৩৪।	ধারা 152K এর সংশোধন	...	৪২
৩৫।	উপকর কমিশনার কর্তৃক মতামত প্রদান সংক্রান্তে ধারা 152N এর সংশোধন	...	৪২
৩৬।	ধারা 152O এর সংশোধন	...	৪৩
৩৭।	প্রথম আপীল দায়েরের ক্ষেত্রে আয়কর পরিশোধের বিধান সন্নিবেশ করে ধারা 153 সংশোধন	...	৪৩
৩৮।	ধারা 178 সংশোধন	...	৪৪
৩৯।	ধারা 184A সংশোধন	...	৪৪
৪০।	Sixth Schedule এর Part- A এর সংশোধন	...	৪৫
৪১।	Sixth Schedule এর Part-B এর সংশোধন	...	৪৮
৪২।	কর অব্যাহতি সংক্রান্তে কতিপয় প্রজ্ঞাপনঃ	...	৪৮
৪৩।	আয়কর বিধিমালা সংশোধনঃ	...	৫৮
৪৪।	বিদেশ ভ্রমণ কর হার সংশোধনঃ	...	৬১
*	<u>পরিশিষ্টঃ</u>	*	
	পরিশিষ্ট-১ঃ এস.আর.ও. নং- ২১৬-আইন-আয়কর/২০১২, তারিখঃ ২৭ জুন, ২০১২ (বিভিন্ন বাণিজ্য সংগঠনের আয়ের উপর করারোপ সংক্রান্তে)	...	৬৪
	পরিশিষ্ট-২ঃ এস.আর.ও. নং- ২১৭-আইন-আয়কর/২০১২, তারিখঃ ২৭ জুন, ২০১২ (তৈরী পোষাক এবং নীটওয়্যার উৎপাদনে নিয়োজিত করদাতার রপ্তানী থেকে আয় নিরূপণ সংক্রান্তে)	...	৬৫
	পরিশিষ্ট-৩ঃ এস.আর.ও. নং-২১৮-আইন-আয়কর/২০১২, তারিখঃ ২৭ জুন, ২০১২ (পুঁজিবাজারে বিনিয়োগ সংক্রান্তে)	...	৬৬
	পরিশিষ্ট-৪ঃ এস,আর,ও নং-২১৯-আইন-আয়কর/২০১২, তারিখঃ ২৭ জুন, ২০১২ (রপ্তানী		৬৮

	প্রক্রিয়াকরণ এলাকার শিল্প(সংক্রান্তে)	...	
	পরিশিষ্ট-৫ঃ এস,আর,ও নং-২২০-আইন/আয়কর/২০১২তারিখঃ ২৭ জুন, ২০১২ (মোটর কার, জীপ বা মাল্টিবাস রেজিস্ট্রেশন বা ফিটনেস নবায়ন কালে প্রদেয় আয়করের হার বৃদ্ধি(সংক্রান্তে)	...	৭০
	পরিশিষ্ট-৬ঃ এস,আর,ও নং ২২১-আইন/আয়কর/২০১২, তারিখঃ ২৭ জুন ২০১২ (কতিপয় এস.আর.ও বাতিল সংক্রান্তে) □	...	৭২
	পরিশিষ্ট-৭ঃ এস, আর, ও নং ২২২-আইন/আয়কর/২০১২, তারিখঃ ২৭ জুন, ২০১২ (ভাড়ায় চালিত সড়ক যানাবহনের অনুমিত আয়করের হার বৃদ্ধি(সংক্রান্তে)	...	৭৩
	পরিশিষ্ট-৮ঃ এস, আর, ও নং ২২৩-আইন/আয়কর/২০১২, তারিখঃ ২৭ জুন, ২০১২ [Corporate Social Responsibility (CSR) এর আওতা বৃদ্ধি সংক্রান্তে]	...	৭৬
	পরিশিষ্ট-৯ঃ এস, আর, ও নং ২২৪-আইন/আয়কর/২০১২, তারিখঃ ২৭ জুন, ২০১২ (নৌযানের অনুমিত আয়কর সংক্রান্তে)	...	৭৭
	পরিশিষ্ট-১০ঃ এস, আর, ও নং ২৫০-আইন/আয়কর/২০১২, তারিখঃ ১ জুলাই, ২০১২ (বিকল্প বিরোধ নিষ্পত্তি কার্যক্রমের অধিক্ষেত্র সম্প্রসারণ)	...	৮০
	পরিশিষ্ট-১১ঃ এস, আর, ও নং ২৫১-আইন/আয়কর/২০১২, তারিখঃ ১ জুলাই, ২০১২ (আয়কর বিধিমালা সংক্রান্তে)	...	৮১
	পরিশিষ্ট-১২ঃ এস, আর, ও নং ২২৫-আইন/ভ্রমণ কর/২০১২, তারিখঃ ২৭ জুন, ২০১২ (আকাশ		১১১

পথে বিদেশ ভ্রমন কর হার বৃদ্ধি সংক্রান্ত(২)	...
--	-----

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, সেকেনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৩.০০৩.২০১২-৭২

তারিখঃ ১২/০৮/২০১২

পরিপত্র-১ (আয়কর)/২০১২

**বিষয়ঃ** অর্থ বছর ২০১২-২০১৩ এর বাজেট কার্যক্রমের আওতায় আয়কর আইন ও বিধির পরিবর্তনসম—হের সহজবোধ্য বর্ণনা।

অর্থ আইন, ২০১২ প্রণয়ন ও বিভিন্ন প্রজ্ঞাপন জারীর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪, আয়কর বিধিমালা, ১৯৮৪ ও বিদেশ ভ্রমন কর হার নির্ধারণ বিধিমালা, ২০০৪ এ কতিপয় সংশোধনী আনা হয়েছে। নব প্রবর্তিত ও সংশোধিত আইন, বিধি ও প্রজ্ঞাপনসম—হের যথাযথ প্রয়োগ নিশ্চিতকল্পে ও করদাতাদের জ্ঞাতার্থে উক্ত পরিবর্তন/সংশোধনসম—হ সহজবোধ্যরূপে নিম্নে উপস্থাপন করা হলোঃ

১। ২০১২-২০১৩ কর বছরের জন্য প্রযোজ্য আয়কর হারঃ

(ক) ব্যক্তি শ্রেণীর কর হার :

(১) অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে ব্যক্তি শ্রেণীর করদাতা, হিন্দু অবিভক্ত পরিবার, অংশীদারী ফার্ম, ব্যক্তি সংঘ এবং আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তির ক্ষেত্রে করমুক্ত আয়ের সীমা ১,৮০,০০০/- টাকা থেকে বৃদ্ধি করে ২,০০,০০০/- টাকা করা হয়েছে। ২০১২-১৩ কর বছরের জন্য এরূপ করদাতাদের আয়ের উপর প্রযোজ্য কর হার নিম্নরূপঃ

মোট আয়	হার
প্রথম ২,০০,০০০/- টাকা পর্যন্ত(২) মোট আয়ের উপর	শ-ন্য
.....	

পরবর্তী ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর .....	১০%
পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর .....	১৫%
পরবর্তী ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর .....	২০%
অবশিষ্ট মোট আয়ের উপর .....	২৫%

(২) মহিলা করদাতা এবং ৬৫ বছর বা তদুর্ধ্ব বয়সের পুরা ষ করদাতার করমুক্ত আয়ের সীমা ২,০০,০০০/- টাকা থেকে বৃদ্ধি করে ২,২৫,০০০/- টাকা করা হয়েছে।

(৩) প্রতিবন্ধী করদাতার করমুক্ত আয়ের সীমা ২,৫০,০০০/- টাকা থেকে বৃদ্ধি করে ২,৭৫,০০০/- টাকা করা হয়েছে।

(৪) করমুক্ত সীমার উর্ধ্বের আয়ের বেলায় প্রদেয় ন-নতম আয়করের পরিমাণ ২,০০০/- টাকা থেকে বৃদ্ধি করে ৩,০০০/- টাকা করা হয়েছে। অর্থাৎ করমুক্ত সীমার উর্ধ্ব আয় আছে এমন করদাতার প্রদেয় আয়করের পরিমাণ হিসাব অনুযায়ী ৩,০০০/- টাকার কম হলে বা বিনিয়োগজনিত কর রেয়াত বিবেচনার পর প্রদেয় করের পরিমাণ ৩,০০০/- টাকার কম বা ঋণাত্মক হলে তাঁকে ন-নতম আয়কর ৩,০০০/- টাকা পরিশোধ করতে হবে।

(খ) ক্ষেত্রবিশেষে ব্যক্তি করদাতাদের উপর সারচার্জ আরোপ :

ব্যক্তি করদাতাদের ক্ষেত্রে প্রদেয় আয়করের উপর ১০% হারে সারচার্জ আরোপের ইতোপূর্বে প্রবর্তিত বিধান ২০১২-২০১৩ কর বছরের জন্য বহাল রাখা হয়েছে। আয়কর রিটার্নের সাথে দাখিলকৃত পরিসম্পদ ও দায় বিবরণীতে প্রদর্শিত নীট সম্পদের পরিমাণ ২ (দুই) কোটি টাকার উর্ধ্ব হলেই কেবল প্রদেয় করের উপর এ সারচার্জ আরোপিত হবে। সারচার্জ কিভাবে আরোপিত হবে তা নিচের উদাহরণের সাহায্যে স্পষ্ট করা হলো:-

(১) একজন করদাতার নীট সম্পদ টা: ১,৯০,০০,০০০/-

	তাঁর মোট আয়-	টাঃ ১০,০০,০০০/-
	আয়ের উপর প্রদেয় আয়করের পরিমাণ	টাঃ ১,১০,০০০/-
	সারচার্জ এর পরিমাণ	শ-ন্য।
(২)	একজন করদাতার নীট সম্পদ	টাঃ ২,১০,০০,০০০/-
	তাঁর মোট আয়-	টাঃ ১০,০০,০০০/-
	আয়ের উপর প্রদেয় আয়করের পরিমাণ	টাঃ ১,১০,০০০/-
	প্রদেয় সারচার্জ এর পরিমাণ	টাঃ ১১,০০০/-
(৩)	একজন করদাতার নীট সম্পদ	টাঃ ২,৭০,০০,০০০/-
	তাঁর মোট আয়-	টাঃ ১০,০০,০০০/-
	আয়ের উপর প্রদেয় আয়করের পরিমাণ	টাঃ ১,১০,০০০/-
	বিনিয়োগ রেয়াত	টাঃ ২০,০০০/-
	বিনিয়োগ রেয়াত বাদে প্রদেয় আয়কর	টাঃ ৯০,০০০/-
	অগ্রিম কর প্রদান	টাঃ ৭৫,০০০/-
	প্রদেয় কর	টাঃ ১৫,০০০/-
	প্রদেয় সারচার্জের পরিমাণ ৯০,০০০ এর ১০%	৯,০০০/-

দুই কোটি টাকার অধিক সম্পদ আছে এমন করদাতা 19E ধারায় কর অনারোপিত আয় প্রদর্শন করলে উক্ত কর অনারোপিত আয়সহ মোট আয়ের উপর প্রদেয় আয়করের ১০% হারে সারচার্জ পরিশোধ করতে হবে।

**ব্যক্তি (individual) শ্রেণীর করদাতা ভিন্ন অন্য কারো উপর এ সারচার্জ আরোপিত হবে না।**

**(গ) অনিবাসী ব্যক্তির করহারঃ**

বাংলাদেশী নয় এমন অনিবাসী ব্যক্তিদের কর হার ২৫%। তবে বাংলাদেশী অনিবাসী হলে তাদের আয়ের ক্ষেত্রে বাংলাদেশী নিবাসীদের জন্য প্রযোজ্য হারে (০%, ১০%, ১৫%, ২০%, ২৫%) কর প্রদেয় হবে।

**(ঘ) কোম্পানীর করহারঃ**

কোম্পানীর আয়করের হার নিম্নরূপঃ

কোম্পানীর ধরণ	কর হার	মন্তব্য
---------------	--------	---------



কোম্পানীর ধরণ	কর হার	মন্তব্য
নন-পাবলিকলি ট্রেডেড কোম্পানী	৩৭.৫%	২০% শেয়ার পুঁজিবাজারে হস্তান্তর করা হলে হস্তান্তর সংশ্লিষ্ট কর বছরে প্রযোজ্য করের ১০% রেয়াত প্রাপ্য।
পাবলিকলি ট্রেডেড কোম্পানী (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানী)	২৭.৫%	শর্ত : ১০% এর কম লভ্যাংশ দিলে কর হার ৩৭.৫%; ২০% এর বেশী লভ্যাংশ দিলে কর হার ২৪.৭৫%।
ব্যাংক, বীমা, অর্থলগ্নীকারী প্রতিষ্ঠান	৪২.৫%	
মার্চেন্ট ব্যাংক	৩৭.৫%	
সিগারেট প্রস্তুতকারক কোম্পানী	৪২.৫%	পাবলিকলি ট্রেডেড কোম্পানী হলে কর হার ৩৫%।
মোবাইল ফোন অপারেটর কোম্পানী	৪৫%	১০% শেয়ার পুঁজিবাজারে হস্তান্তর করা হলে কর হার ৩৫%।
কোম্পানী কর্তৃক প্রাপ্ত লভ্যাংশ আয়	২০%	

২। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ২ ধারায় উল্লেখিত কতিপয় সংজ্ঞার সংশোধন :

(ক) ম—লখনী সম্পদঃ আয়কর অধ্যাদেশের ২ ধারার clause (15) এর sub-clause (c) এর item (i) এ চট্টগ্রাম, নরসিংদী, মুন্সিগঞ্জ এবং মানিকগঞ্জ জেলাকে অন্তর্ভুক্ত করে চট্টগ্রাম, নরসিংদী, মুন্সিগঞ্জ এবং মানিকগঞ্জ জেলার যে কোন জমিকে ম—লখনী সম্পদের অন্তর্ভুক্ত করা হয়েছে।

(খ) সমবায় সমিতি : সমবায় সমিতি সংক্রান্ত নতুন আইন প্রণীত হওয়ায় আয়কর অধ্যাদেশের ২ ধারার clause (21)

সংশোধনের মাধ্যমে the Co-operative Societies Act, 1940 (Beng. Act XXI of 1940) শব্দগুলির পরিবর্তে সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন) Co-operative Societies Act, 2001 (Act No. 47 of 2001) শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে।

(গ) উপ কর কমিশনারঃ আয়কর অধ্যাদেশের ২ ধারার clause (23) সংশোধনের মাধ্যমে ট্রাস্ফার প্রাইসিং অফিসারকে উপ কর কমিশনারের সংজ্ঞার অন্তর্ভুক্ত করা হয়েছে।

(ঘ) সিআইসি'র কর্মকর্তাদের পদবী : আয়কর অধ্যাদেশের ২ ধারার clause (25AA) এ বর্ণিত অতিরিক্ত মহাপরিচালক, যুগ্ম মহাপরিচালক ও উপ মহাপরিচালক পদবী সম-হের পরিবর্তে পরিচালক, যুগ্ম পরিচালক, উপ পরিচালক ও সহকারী পরিচালক পদবী সম-হ প্রতিস্থাপন করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেলের সাংগঠনিক কাঠামো পরিবর্তনের কারণে আয়কর অধ্যাদেশে এরূপ পরিবর্তন আনা হয়েছে।

(ঙ) আর্থিক প্রতিষ্ঠানঃ আয়কর অধ্যাদেশের ২ ধারার clause (31) এর পর নতুন clause (31A) সন্নিবেশের মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠানের সংজ্ঞা প্রদান করা হয়েছে। নব সন্নিবেশিত সংজ্ঞামতে আর্থিক প্রতিষ্ঠান বলতে “আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩” এ উল্লেখিত আর্থিক প্রতিষ্ঠানকে বুঝাবে।

(চ) পরিদর্শকঃ আয়কর অধ্যাদেশের ২ ধারার clause (37) সংশোধনের মাধ্যমে চলতি দায়িত্বে নিয়োগপ্রাপ্ত কর পরিদর্শককেও কর পরিদর্শকের সংজ্ঞার অন্তর্ভুক্ত করা হয়েছে।

(ছ) বেতনঃ আয়কর অধ্যাদেশের 2 ধারার clause (58) এর sub-clause (a) এ any wages এর পরিবর্তে any pay or wages প্রতিস্থাপনের মাধ্যমে যে কোন মজুরী বা পরিশোধকে বেতন আয়ের অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত সংশোধনীর ফলে কোন নিয়োগকারী কর্তৃক পরিশোধিত প্রজেক্ট পে, কমপেনসেশন পে, রিস্ক পে বা অন্য যে কোন নামে পরিশোধিত অর্থ বেতন আয়ের অন্তর্ভুক্ত হবে।

৩। আয়কর অধ্যাদেশের 19 ধারায় সংশোধনঃ

(ক) আয়কর অধ্যাদেশের ধারা 19 এর উপধারা (21) এ নগদ ঋণ গ্রহণের ক্ষেত্রে আয়কর আইনের বিধান বর্ণিত আছে। প—র্ববর্তী বিধান অনুযায়ী যে কোন করদাতা কর্তৃক ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত এক বা একাধিক উৎস থেকে ১ লাখ টাকার অধিক কোন অংকের ঋণ ক্রসড চেকের মাধ্যম ব্যতীত গৃহীত হলে এবং তা পরবর্তী ৩ বছরের মধ্যে ফেরত না দিলে অপরিশোধিত ঋণ ৪র্থ বছরে অন্যান্য উৎসের আয় হিসেবে গণ্য করার বিধান ছিল।

উপরোক্ত বিধান সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী কোম্পানী ব্যতীত যে কোন করদাতা কর্তৃক এক বা একাধিক উৎস থেকে সর্বোচ্চ ৫ লাখ টাকা পর্যন্ত নগদে গৃহীত ঋণের ক্ষেত্রে 19(21) ধারার বিধান প্রযোজ্য হবে। অর্থাৎ সংশোধিত বিধান অনুযায়ী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের বাইরে অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট থেকে ক্রসড চেক ভিন্ন অন্য কোন মাধ্যমে সর্বোচ্চ ৫ লাখ টাকা পর্যন্ত ঋণ গ্রহণ করা যাবে। তবে, এ ঋণ পরবর্তী ৩ বছরের মধ্যে পরিশোধ না করা হলে ৪র্থ বছরে ঋণ গ্রহনকারীর অন্যান্য উৎসের আয় হিসেবে গণ্য হবে।

১ লা জুলাই, ২০১২ তারিখে বা তার পরবর্তী সময়ে ঋণ গ্রহণের ক্ষেত্রে সংশোধিত এ বিধান প্রযোজ্য হবে।

(খ) আয়কর অধ্যাদেশের ধারা 19 এর উপধারা (21B) অনুযায়ী নুতন করদাতা কর্তৃক সার্বজনীন স্ব-নির্ধারণী পদ্ধতিতে ব্যবসা বা পেশা আয় প্রদর্শনের মাধ্যমে গঠিত কর অনারোপিত প্রারম্ভিক ম—লখন পরবর্তী ৫ বছরের মধ্যে ব্যবসা বা পেশা থেকে স্থানান্তরের করা হলে তা স্থানান্তরের বছরে স্থানান্তরকারীর আয় হিসেবে গণ্য করার বিধান রয়েছে। এ ধারায় সংশোধনের মাধ্যমে ভাষাগত অস্পষ্টতা দূর করা হয়েছে। অর্থাৎ সংশোধিত বিধান অনুযায়ী কোন নুতন করদাতা ব্যবসা বা পেশা খাতে আয় প্রদর্শনের মাধ্যমে প্রদর্শিত আয়ের ৪ গুণ পর্যন্ত প্রারম্ভিক ম—লখনের সুবিধা গ্রহণ করে থাকলে উক্ত ম—লখন বিনিয়োগ সংশ্লিষ্ট আয় বছরে বা আয় বছর শেষ হওয়ার পরবর্তী ৫ বছরের মধ্যে ব্যবসা বা পেশা থেকে সম্পূর্ণ ম—লখন বা তার অংশ বিশেষ স্থানান্তর করা হলে স্থানান্তরিত অর্থ স্থানান্তরের বছরে করদাতার অন্যান্য উৎসের আয় হিসেবে গণ্য হবে। উদাহরণস্বরূপ বলা যায়—

জনাব মোয়াজ্জেম হোসেন নতুন করদাতা হিসেবে ২০১২-২০১৩ কর বছরে ব্যবসা খাতে আয় প্রদর্শন করে সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল করেছেন। ব্যবসা খাতে নিম্নরূপ তথ্য প্রদর্শন করা হয়েছেঃ

- ব্যবসা আয় ১০,০০,০০০/- টাকা;
- প্রারম্ভিক ম—লখন ৪০,০০,০০০/- টাকা;
- পারিবারিক ব্যয় হিসেবে আয় থেকে উত্তোলন ৩,০০,০০০/- টাকা;
- সমাপনী ম—লখনস্বীতি ৪৭,০০,০০০/- টাকা।

এ ক্ষেত্রে জনাব মোয়াজ্জেম হোসেন তার প্রদর্শিত ব্যবসায়ের প্রারম্ভিক ম—লখনের ৪০,০০,০০০/- টাকা বা তার অংশবিশেষ ২০১২-২০১৩ কর বছরে বা ২০১৭-২০১৮ কর বছর পর্যন্ত সংশ্লিষ্ট ব্যবসা থেকে স্থানান্তর করতে পারবেন না। ২০১৭-

২০১৮ করবর্ষের মধ্যে প্রারম্ভিক ম—লখনের ৪০,০০,০০০/- টাকা বা তার অংশ বিশেষ স্থানান্তরের করা হলে যে কর বছরে স্থানান্তরের করা হবে ঐ কর বছরে এ করদাতার আয় হিসেবে বিবেচিত হবে। তবে, প্রারম্ভিক ম—লখনের বাইরে প্রদর্শিত আয় উত্তোলন করা যাবে।

(গ) আয়কর অধ্যাদেশের ধারা 19 এর উপধারা (24) সংশোধনের মাধ্যমে কোম্পানীর পরিশোধিত ম—লখন ক্রসড চেক বা ব্যাংকের মাধ্যমে গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে। সংশোধিত বিধানের ফলে ষ্টক এক্সচেঞ্জে নিবন্ধিত নয় এরূপ পাবলিক লিমিটেড কোম্পানী বা কোন প্রাইভেট লিমিটেড কোম্পানী গঠনকালীন সময়ে পরিশোধিত ম—লখন বা পরবর্তীতে এ ম—লখন বৃদ্ধির ক্ষেত্রে শেয়ারহোল্ডারদের নিকট থেকে ক্রসড চেক বা ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে গ্রহণের বাধ্যবাধকতা আরোপ করা হয়েছে। শেয়ারহোল্ডারগণ ক্রসড চেক বা ব্যাংক ভিন্ন অন্য কোনভাবে শেয়ারের ম—ল্য কোম্পানীকে প্রদান করলে এরূপ প্রদত্ত অংক সংশিষ্ট বছরে কোম্পানীর আয় হিসেবে গণ্য হবে। নব প্রবর্তিত এ বিধান নগদ টাকা ব্যতীত অন্য কোন সম্পদ কোম্পানীর ম—লখন হিসেবে স্থানান্তরের ক্ষেত্রে প্রযোজ্য হবে না। উদাহরণস্বরূপ বলা যায়-

জনাব ইসলাম ২০১২-২০১৩ অর্থ বছরে একটি কোম্পানীর ৪,৫০,০০,০০০/- টাকার শেয়ার গ্রহণ করেছেন। জনাব ইসলাম শেয়ারম—লখন হিসেবে ২,০০,০০,০০০/- টাকা তার ব্যাংক হিসাব থেকে কোম্পানীর ব্যাংক হিসাবে জমা করেছেন, ১,৫০,০০,০০০/- টাকা নগদে দিয়েছেন এবং ১,০০,০০,০০০/- টাকার সমম—ল্যের জমি প্রদান করেছেন।

উপরোক্ত ক্ষেত্রে জনাব ইসলাম যেহেতু কোম্পানীর পরিশোধিত ম—লখনের ১,৫০,০০,০০০/- টাকা নগদে পরিশোধ করেছেন

সেহেতু এই ১,৫০,০০,০০০/- টাকা কোম্পানীর ২০১৩-২০১৪ কর বছরের আয় হিসেবে গণ্য হবে।

একইভাবে কোম্পানীর পরিশোধিত ম—লখন বৃদ্ধির ক্ষেত্রে শেয়ার হোল্ডারদের নিকট থেকে যে অংক নগদে গৃহীত হবে সেই অংক সংশ্লিষ্ট কর বছরে কোম্পানীর আয় হিসেবে গণ্য হবে।

(ঘ) আয়কর অধ্যাদেশের ধারা 19 এর উপধারা (26) সংশোধনের মাধ্যমে কোম্পানীর ঋণ গ্রহণের ক্ষেত্রে ক্রসড চেক বা ব্যাংকের মাধ্যমে লেনদেন করা বাধ্যতামূলক করা হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান বা অন্যকোন শ্রেণীর করদাতার নিকট থেকে কোম্পানীর ঋণ গ্রহণ করতে হলে ক্রসড চেক বা ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে ঋণ গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। বর্ণিত পদ্ধতি ব্যতীত অন্য কোন মাধ্যমে ঋণ গ্রহণ করা হলে এরূপে প্রাপ্ত ঋণকে কোম্পানীর হাতে করযোগ্য আয় হিসেবে বিবেচিত হবে। উল্লেখ্য, প—র্ববর্তী বিধান অনুযায়ী শুধুমাত্র এক কোম্পানী থেকে অন্য কোম্পানীর ঋণ গ্রহণের ক্ষেত্রে ক্রসড চেক বা ব্যাংক ট্রান্সফারের বাধ্যবাধকতা ছিল। সুতরাং ক্রসড চেক বা ব্যাংক ট্রান্সফার ব্যতীত অন্য কোন মাধ্যমে এক কোম্পানী কর্তৃক অন্য কোম্পানী ঋণ গ্রহণ করলে প্রাপ্ত ঋণকে কোম্পানীর হাতে ২০১২-১৩ কর বছরে করযোগ্য আয় হিসেবে বিবেচিত হবে।

১ লা জুলাই, ২০১২ তারিখ বা তার পরবর্তী সময়ে কোন কোম্পানী কর্তৃক অন্য কোন ব্যতীত গৃহীত ঋণের ক্ষেত্রেও এবারের সংশোধিত বিধান প্রযোজ্য হবে।

(ঙ) আয়কর অধ্যাদেশের ধারা 19 এ নতুন উপধারা (28) সংযোজন করা হয়েছে। সংযোজিত এ বিধানের ফলে এক বা একাধিক উৎস থেকে ৫ লাখ টাকার অধিক ঋণ বা দান গ্রহণের ক্ষেত্রে ক্রসড চেক বা ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে এ ঋণ বা দান

গ্রহণ বাধ্যতাম—লক করা হয়েছে। ক্রসড চেক বা ব্যাংক ট্রান্সফারের মাধ্যম ব্যতীত নগদে গৃহীত উপরোক্ত সীমা অতিক্রম করলে সম্প—র্ণ অংক করদাতার আয় হিসেবে বিবেচিত হবে। নিম্নবর্ণিত উদাহরণ দ্বারা বিষয়টি স্পষ্ট করা হলোঃ—

জনাব হোসেন ২০১৩-২০১৪ কর বছরে নিম্নরূপ ঋণ বা দান প্রদর্শন করেছেনঃ

- সোনালী ব্যাংকের ঋণ ৫০ লাখ টাকা;
- ভাইয়ের নিকট থেকে নগদে গৃহীত ঋণ ৩ লাখ টাকা;
- আত্মীয়ের নিকট থেকে নগদে গৃহীত দান ৪ লাখ টাকা; এবং
- পিতার নিকট থেকে ২০ লাখ টাকা ম—ল্যের জমি দলিলের মাধ্যমে দান প্রাপ্ত।

এক্ষেত্রে জনাব হোসেন সর্বমোট ৫৩ (৫০+৩) লাখ টাকা ঋণ হিসেবে প্রাপ্ত হয়েছেন। করদাতা ব্যাংকের মাধ্যমে ৫০ লাখ টাকা ঋণ এবং ২০ লাখ টাকা ম—ল্যের জমি দান প্রাপ্ত হয়েছেন। অন্যদিকে, ভাই ও আত্মীয়ের নিকট থেকে নগদে ঋণ ও দান হিসেবে সর্বমোট ৭ (৩+৪) লাখ টাকা গ্রহণ করেছেন। ক্রসড চেক বা ব্যাংক ট্রান্সফার ব্যতীত ৭ লাখ টাকা ঋণ ও দান গ্রহণ করায় জনাব হোসেন এর ২০১৩-২০১৪ কর বছরে উক্ত ৭ লাখ টাকা আয় হিসেবে গন্য হবে।

১ লা জুলাই, ২০১২ তারিখে বা তার পরবর্তী সময়ে কোন ব্যক্তি করদাতা কর্তৃক গৃহীত দান বা ঋণের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে।

অন্যদিকে ৫ লাখ টাকা বা তার কম পরিমাণ অর্থ কোন করদাতা নগদ ঋণ হিসেবে প্রাপ্ত হয়ে আয় বছরের পরবর্তী ৩ বছরের মধ্যে পরিশোধ না করলে ৪র্থ বছরে এরূপ অপরিশোধিত ঋণ কে করযোগ্য আয় হিসেবে বিবেচনা করার জন্য 19 ধারার (21) উপধারায় প্রাসঙ্গিক সংশোধন করা হয়েছে। উপধারা (21) ও (28)

এর সম্মিলিত বিধান অনুযায়ী কোন করদাতা এক বা একাধিক উৎস থেকে নগদে সর্বমোট ৫ লাখ টাকা পর্যন্ত<sup>৩</sup> ঋণ গ্রহন করতে পারবেন। ৫ লাখ টাকার অধিক ঋণ গ্রহনের ক্ষেত্রে ক্রেসড চেক বা ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে গ্রহন করতে হবে।

#### ৪। স্বে" ছায় আয় ঘোষণা সংক্রান্ত<sup>৩</sup> নুতন ধারা 19E সংযোজন :

কর অনারোপিত আয় প্রদর্শনের সুযোগ সম্বলিত বিধান ধারা 19E আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ সংযোজন করা হয়েছে। এ বিধান অনুযায়ী প—র্ববর্তী এক বা একাধিক কর বছরের কর অনারোপিত আয় করদাতা তার আয়কর রিটার্নে শর্ত সাপেক্ষে প্রদর্শন করতে পারবেন। উক্ত কর অনারোপিত আয় চলতি কর বছরের আয়কর বিবরণীতে প্রদর্শনপ—র্বক চলতি কর বছরের প্রযোজ্য হারে আয়কর পরিশোধ এবং কর অনারোপিত আয়ের উপর প্রযোজ্য আনুপাতিক আয়করের ১০% হারে জরিমানা পরিশোধ করতে হবে।

নবপ্রবর্তিত এ বিধানের বৈশিষ্ট্য নিম্নরূপঃ

- ব্যক্তি, কোম্পানী বা যে কোন করদাতা এ সুযোগ গ্রহণ করতে পারবেন;
- প—র্ববর্তী যে কোন বছরে আয়কর রিটার্ন দাখিল করেননি এমন করদাতা ঐ বছর বা বছরসম—হে আয় থাকলে তা ঘোষণাপ—র্বক চলতি কর বছরের রিটার্নে প্রদর্শন করতে পারবেন;
- প—র্ববর্তী এক বা একাধিক বছরে আয়কর রিটার্ন দাখিল করা হয়েছিল এবং আয়কর নির্ধারণ কার্যক্রম সম্পূর্ণ করা হয়েছে কিন্তু কিছু আয় প্রদর্শন করা হয়নি বা আয়কর নির্ধারণ থেকে এড়িয়ে যাওয়া হয়েছে, সেক্ষেত্রে এ অপ্রদর্শিত আয়ও চলতি কর বছরের আয়কর রিটার্নে প্রদর্শন করতে পারবেন;



- আয়কর অধ্যাদেশে বর্ণিত ৭টি আয়ের খাতের মধ্যে যে খাতে আয় অপ্রদর্শিত ছিল সেই খাতেই এ অপ্রদর্শিত আয় প্রদর্শনযোগ্য;
- চলতি কর বছরের সংশ্লিষ্ট খাতে অর্জিত আয়ের সাথে পূর্ববর্তী বছর বা বছর সম—হে অপ্রদর্শিত আয় একত্রিত করে প্রদর্শনযোগ্য। যেমন ব্যবসা খাতের আয় অপ্রদর্শিত থাকলে ব্যবসা খাতেই তা প্রদর্শন করতে হবে;
- ২০১২-২০১৩ কর বছর বা তৎপরবর্তী করবছর সম—হে (এ বিধান বলবৎ থাকা সাপেক্ষে) অপ্রদর্শিত আয় প্রদর্শন করা যাবে;
- যে কর বছরে এ অপ্রদর্শিত আয় প্রদর্শিত হবে সেই কর বছরের জন্য প্রযোজ্য করহার অনুযায়ী আয়কর প্রদেয় হবে;
- কর অনারোপিত আয়ের উপর প্রযোজ্য আনুপাতিক আয়করের ১০% হিসেবে জরিমানা আরোপযোগ্য হবে;
- প্রযোজ্য ক্ষেত্রে সারচার্জ আরোপিত হবে।

এছাড়াও কর অনারোপিত আয় প্রদর্শনের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী পরিপালন করতে হবেঃ

(ক) আয়কর অধ্যাদেশের ৭৫(২) ধারায় উল্লেখিত সময়সীমার মধ্যে আয়কর রিটার্ন দাখিল করতে হবে;

(ঘ) দাখিলকৃত রিটার্নের সাথে করদাতার নাম, কর অনারোপিত আয়ের খাত, কর অনারোপিত আয়ের পরিমাণ, প্রযোজ্য আয়কর ও জরিমানার পরিমাণ উল্লেখপূর্বক পৃথক কাগজে এ সংক্রান্ত একটি ঘোষণা পত্র দাখিল করতে হবে।

তবে, নিম্নোক্ত ক্ষেত্রসম—হে কর অনারোপিত আয় প্রদর্শন করা যাবে নাঃ

(ক) আয়কর অধ্যাদেশের ৯৩ (৩)(বি) ধারার আওতায় কোন করদাতার বিরুদ্ধে নোটিশ প্রদান করা হলে এবং এ নোটিশের কার্যক্রম নিশ্চিতকৃত না হলে;

- (খ) আয়কর অধ্যাদেশের ১১৩(এফ) ধারা অনুযায়ী কোন করদাতার বিরুদ্ধে ব্যাংক হিসাব তল-াশী বা পরীক্ষার জন্য ব্যাংকে পত্র প্রেরণ করা হলে বা পত্রের প্রেক্ষিতে গৃহীত কার্যক্রম চলমান থাকলে;
- (গ) কোন করদাতার বিরুদ্ধে আয়কর অধ্যাদেশের ১৬৪, ১৬৫ বা ১৬৬ ধারায় কার্যক্রম গৃহীত হলে এবং উপরোক্ত কার্যক্রম চলমান থাকলে ;
- (ঘ) এরূপ প্রদর্শিত আয় কোন বৈধ আয়ের উৎস থেকে উদ্ভূত না হলে বা অপরাধমূলক কোন কার্যক্রম থেকে উদ্ভূত হলে ।

প—বে কর অনারোপিত কিন্তু সংযোজিত বিধানের ফলে প্রদর্শিত আয় যে কোন শিল্প প্রতিষ্ঠায় বা শিল্প সম্প্রসারণে, বিদ্যমান শিল্পের BMRE, হাউজিং খাত হিসেবে বাড়ী বা এ্যাপার্টমেন্ট ক্রয় বা নির্মাণ বা জমি ক্রয়ে, ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত যে কোন কোম্পানীর সিকিউরিটিজ (ষ্টক, শেয়ার, বন্ড, ডিবেন্ডগর, ইত্যাদি) ক্রয়ে, পণ্য বা সেবা উৎপাদনে নিয়োজিত যে কোন ব্যবসা বা বাণিজ্যিক বা শিল্প উদ্যোগ খাতসহ অন্য কোন খাত বা যে কোন আয় সৃষ্টিকারী কার্যক্রমে (income generating activities) বিনিয়োগ করা যেতে পারে ।

দুই কোটি টাকার অধিক সম্পদ আছে এমন করদাতা 19E ধারায় কর অনারোপিত আয় প্রদর্শন করলে উক্ত কর অনারোপিত আয়সহ মোট আয়ের উপর প্রযোজ্য করের ১০% হারে সারচার্জ প্রদেয় হবে ।

কোন করদাতা 19E ধারায় কর অনারোপিত আয় প্রদর্শন করলে উক্ত কর অনারোপিত আয়সহ মোট আয় বিনিয়োগ রেয়াতের জন্য ভিত্তি হিসেবে গণ্য হবে ।

19E ধারায় পরিশোধিত আয়কর ও জরিমানার উৎস ব্যাখ্যা করতে হবে ।

নিম্নোক্ত উদাহরণের মাধ্যমে এ বিধান অনুযায়ী কর অনারোপিত আয় প্রদর্শন, প্রযোজ্য আয়কর, জরিমানা ও সারচার্জ প্রদানের বিষয়টি উল্লেখ করা হলোঃ

- জনাব আজগর আলী একজন পুরাতন করদাতা যিনি ১৯৭৬ সাল থেকে আয়কর রিটার্ন দাখিল করে আসছেন। জুলাই, ২০১২ মাসে জনাব আলী দেখলেন যে, ২০০৭-২০০৮ করবর্ষ থেকে ২০১১-২০১২ করবর্ষ পর্যন্তে বিভিন্ন করবর্ষে মোট ১৬,০০,০০০/- টাকা ব্যবসা খাতে তাঁর কর অনারোপিত আয় রয়েছে। তিনি ২০১২-২০১৩ করবর্ষের আয়কর রিটার্নের সাথে 19E ধারায় কর অনারোপিত আয় ১৬,০০,০০০/- টাকা প্রদর্শনের সিদ্ধান্তে গ্রহণ করেছেন। বিবেচ্য করবর্ষে তাঁর রেয়াতযোগ্য বিনিয়োগ দাবী ৫,০০,০০০/- টাকা এবং প্রদর্শিত নীট সম্পদের পরিমাণ ২,৫০,০০,০০০/- টাকা। ২০১২-২০১৩ করবর্ষের সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত আয়কর রিটার্নের সাথে পৃথক বিবরণীতে তিনি নিম্নরূপ আয় বিভাজন দেখিয়েছেনঃ

আয়ের উৎস	২০১২-২০১৩ কর বর্ষের আয়	19E ধারায় আয় ঘোষণা	মোট
ব্যবসা আয়	৪,০০,০০০/-	১৬,০০,০০০/-	২০,০০,০০০/-
বাড়ীভাড়া আয়	১,০০,০০০/-	--	১,০০,০০০/-
অন্যান্য উৎসের আয়	১,০০,০০০/-	--	১,০০,০০০/-
মোট	৬,০০,০০০/-	১৬,০০,০০০/-	২২,০০,০০০/-

এক্ষেত্রে, জনাব আজগর আলীকে ২০১২-২০১৩ করবর্ষে নিম্নরূপে আয় পরিগণনা— বাক আয়কর প্রদান করতে হবেঃ

২০১২-১৩ করবর্ষে অর্জিত আয়	৬,০০,০০০/- টাকা
কর অনারোপিত আয়	১৬,০০,০০০/- টাকা
মোট আয়	২২,০০,০০০/- টাকা
মোট প্রদেয় করের পরিমাণ-	৪,০০,০০০/- টাকা
বাদ বিনিয়োগ রেয়াত	৪৪,০০০/- টাকা
প্রদেয় কর	৩,৫৬,০০০/- টাকা
কর অনারোপিত আয়ের উপর আরোপযোগ্য	

কর হবে নিম্নরূপ:

$\frac{৩,৫৬,০০০ \text{ \&A} ১৬,০০,০০০}{২২,০০,০০০} = ২,৫৮,৯০৯/-$  টাকা

২২,০০,০০০

১০% হিসেবে জরিমানা হবে

২৫,৮৯১/- টাকা

মোট প্রদেয় করের পরিমাণ -

৩,৮১,৮৯১/- টাকা

সারচার্জ ১০% হারে ---

৩৮,১৮৯/- টাকা

নীট প্রদেয় করের পরিমাণ

৪,২০,০৮০/- টাকা।

ফলে, জনাব আজগর আলীকে ২০১২-২০১৩ কর বছরের ৪,২০,০৮০/- টাকা কর বাবদ প্রদান করতে হবে এবং আয় হিসেবে নিরূপিত ২২,০০,০০০/- টাকার সুবিধা তিনি গ্রহণ করতে পারবেন। জনাব আলী তাঁর আয়কর বিবরণীর সাথে পৃথক কাগজে কর অনারোপিত আয়ের খাত ও পরিমাণ, কর অনারোপিত আয়ের জন্য প্রযোজ্য আয়কর ও জরিমানার পরিমাণ উলে-খপ-বর্ক উপ কর কমিশনার বরাবর একটি ঘোষণাপত্র দাখিল করবেন।

করদাতা কর্তৃক 19E ধারার আওতায় ঘোষিত আয়কে পরবর্তী কর বছরের আয় নির্ধারণের ক্ষেত্রে ভিত্তি হিসেবে বিবেচনা করা যাবে না। করদাতার এরূপ সার্বজনীন স্বনির্ধারনী রিটার্ন অডিটের জন্য নির্বাচন করা হলে অডিটের কার্যক্রম শুধুমাত্র সংশ্লিষ্ট কর বছরের ম-ল আয়ের উপর পরিচালিত হবে।

**৫। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 25 সংশোধন :**

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশের ধারা 25 এর উপধারা-(১) এর clause (g) এর শর্তাংশটি বিলুপ্ত করা হয়েছে। উক্ত সংশোধনীর ফলে বসতবাড়ী হিসেবে ব্যবহৃত গৃহ-সম্পত্তি নির্মাণে, ক্রয়ে বা মেরামতের জন্য ২০ লাখ টাকা পর্যন্ত গৃহীত ঋণের সুদ করদাতার মোট আয় থেকে বিয়োগ করার বিধান রহিত করা হয়েছে। ২০১২-২০১৩ কর বছর থেকে করদাতার অন্য কোন আয়ের বিপরীতে এ ঋণের সুদ অনুমোদনযোগ্য খরচ হিসেবে আর বিবেচিত হবে না।

**৬। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 30 সংশোধন :**

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশের ধারা 30 এর দুটি নতুন clause (l) এবং clause (m) সংযোজন করা হয়েছে।

(ক) নতুন clause (l) এর বিধান অনুযায়ী শেয়ার হোল্ডার পরিচালককে কোন কোম্পানী কর্তৃক যে কোন উপায়ে পরিশোধিত কমিশন বা ডিসকাউন্ট উক্ত কোম্পানীর অনুমোদনযোগ্য খরচ হিসেবে বিবেচিত হবে না। ১ জুলাই ২০১২ তারিখ থেকে পরিশোধিত কমিশন বা ডিসকাউন্টের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে।

(খ) নতুন clause (m) এর বিধান অনুযায়ী কোন ব্যবসা বা পেশা আয়ের ক্ষেত্রে ৫০,০০০/- টাকার উপরে যে কোন অর্থ ক্রসড চেক বা ব্যাংকের মাধ্যমে পরিশোধ করার বিধান করা হয়েছে। ব্যবসা বা পেশা সংশ্লিষ্ট খরচ ৫০,০০০/- টাকার উপরে নগদে পরিশোধ করা হলে এ খরচ অনুমোদনযোগ্য ব্যয় হিসেবে বিবেচিত হবে না বিধায় পরিশোধের বছর তা করদাতার আয় হিসেবে গণ্য হবে। তবে, কাঁচামাল ক্রয়ের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে না। অন্যদিকে, কর্মকর্তা/কর্মচারীদেরকে ১৫ হাজার টাকা বা তার অধিক বেতন বা মজুরী প্রদানের ক্ষেত্রে ক্রসড চেক বা ব্যাংকের মাধ্যমে প্রদানের পূর্ববর্তী বিধান বলবৎ রয়েছে। এছাড়া, কোন সরকারী দায় যেমনঃ পৌরকর, বিদ্যুৎ, গ্যাস, পানির বিল ইত্যাদি পরিশোধের ক্ষেত্রেও এ বিধান প্রযোজ্য হবে না। উদাহরণস্বরূপ বলা যায়:

- মেসার্স 'ক' নামীয় টেক্সটাইল কোম্পানীর আর্থিক হিসাব বিবরণী প্রস্তুতের লক্ষ্যে মেসার্স 'খ' নামীয় চার্টার্ড একাউন্টেন্ট ফার্মকে নিয়োগ করা হয়েছে। নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের জন্য মেসার্স 'খ' নামীয় ফার্মকে তিন কিম্বিতে ৪৮ হাজার টাকা, ৩৫ হাজার টাকা এবং ৭২ হাজার টাকা হিসেবে সর্বমোট ১ লক্ষ ৫০ হাজার টাকা নগদ প্রদান করা হয়েছে। এক্ষেত্রে, নির্ধারিত সীমা ৫০ হাজার টাকা অতিক্রম করা সত্ত্বেও চেক বা ব্যাংক ট্রান্সফারের পরিবর্তে নগদে প্রদান করায় ৭২ হাজার টাকা অনুমোদনযোগ্য খরচ হিসেবে বিবেচিত হবে না। তবে ৪৮ হাজার এবং ৩৫ হাজার সর্বমোট ৭৩ হাজার টাকা দুই কিম্বিতে নগদে প্রদান করা হলেও এককালীন

পরিশোধের ক্ষেত্রে নির্ধারিত ৫০ হাজার টাকার সীমা অতিক্রম না করায় এ বিধান প্রযোজ্য হবে না।

এ বিধান ১ জুলাই ২০১২ বা তৎপরবর্তীতে নগদ অর্থ পরিশোধের বেলায় প্রযোজ্য হবে।

**৭। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 46B সংশোধন :**

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশের ধারা 46B এর উপ-ধারা (১) এর পর একটি নতুন প্রোভাইসো সংযোজন করে ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ ও চট্টগ্রাম জেলায় স্থাপিত বায়ো-ফারটিলাইজার, পেট্রো-ক্যামিকেলস শিল্পকে 46B ধারায় উল্লিখিত অন্যান্য শর্ত পরিপালন সাপেক্ষে কর অবকাশ সুবিধা দেয়া হয়েছে। পূর্বের বিধান অনুযায়ী ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ ও চট্টগ্রাম জেলায় উক্ত শিল্প স্থাপনের ক্ষেত্রে কর অবকাশ ছিল না। অর্থাৎ এ সংশোধনীর ফলে বাংলাদেশের যে কোন এলাকায় স্থাপিত বায়ো-ফারটিলাইজার, পেট্রো-ক্যামিকেলস শিল্প 46B ধারায় উল্লিখিত অন্যান্য শর্ত পরিপালন সাপেক্ষে কর অবকাশ সুবিধা প্রাপ্তির যোগ্য বলে গণ্য হবে।

**৮। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 46C সংশোধন :**

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশের ধারা 46C এর উপ-ধারা (2) এর clause (o) সংশোধনের মাধ্যমে টোল সড়কের পাশাপাশি টোল সেতুকেও 46C ধারায় উল্লিখিত অন্যান্য শর্ত পরিপালন সাপেক্ষে ভৌত অবকাঠামো সুবিধা হিসেবে কর অবকাশ সুবিধা প্রদানের বিধান করা হয়েছে।

৯। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 47 সংশোধন :

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশের ধারা 47 সংশোধনের মাধ্যমে কো-অপারেটিভ সোসাইটির ব্যাংকিং ব্যবসা হতে আয় করমুক্ত হিসেবে বিবেচনার বিধান বিলোপ করা হয়েছে। তবে ধারা 47 এ উল্লেখিত কো-অপারেটিভ সোসাইটির অন্যান্য করমুক্ত সুবিধা বহাল রাখা হয়েছে। পরিবর্তিত বিধান ২০১২-২০১৩ কর বছর থেকে প্রযোজ্য হবে।

## ১০। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 52 সংশোধন :

আয়কর অধ্যাদেশের ধারা 52 এর বিদ্যমান বিধান অনুযায়ী কোম্পানী মর্যাদার করদাতাসহ কতিপয় প্রতিষ্ঠান কর্তৃক চুক্তি ও সরবরাহের অধীনে প্রদেয় অর্থ হতে বিধি-১৬ অনুযায়ী উৎসে আয়কর কর্তনের বিধান রয়েছে। অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশের ধারা 52 এর উপ- ধারা (1) সংশোধন করে লোকাল এল.সি এর মাধ্যমে প্রদেয়/পরিশোধযোগ্য অর্থকেও উৎসে কর কর্তনের আওতাভুক্ত করা হয়েছে। এই সংক্রান্ত নিয়ম-পদ্ধতি নিম্নে উল্লেখ করা হলো :

- কেবলমাত্র লোকাল এল/সি'র মাধ্যমে প্রদেয় অর্থ হতে উৎসে কর কর্তন প্রযোজ্য। বাংলাদেশ থেকে বিদেশে পণ্য রপ্তানী সংক্রান্ত আদেশ (মাস্টার এলসি) বাস্‌বায়নের লক্ষ্যে রপ্তানীর আদেশাধীন পণ্য প্রস্তুতে জড়িত আনুসঙ্গিক অন্যান্য পণ্য ব্যাক-টু-ব্যাক এল/সি'র মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে এ ধারার আওতায় উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না। বিদেশে পণ্য রপ্তানী সংক্রান্ত আদেশের (মাস্টার এলসি) বিপরীতে সম্মুখিত ব্যাক-টু-ব্যাক এল/সি' ব্যতীত দেশের যে কোন এলাকায় অবস্থিত কোম্পানী মর্যাদার করদাতাসহ কতিপয় প্রতিষ্ঠান কর্তৃক এল/সি'র মাধ্যমে পণ্য বা সেবা ক্রয় সম্মুখিত হলে সেক্ষেত্রে ব্যাংক কর্তৃক নির্ধারিত হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। উদাহরণস্বরূপ বলা যায়:

(ক) বাংলাদেশের মেসার্স 'ক' নামীয় কোম্পানী তৈরী পোষাক প্রস্তুতপূর্বক বিদেশে রপ্তানী করে থাকে। মার্কিন যুক্তরাষ্ট্রের মেসার্স 'খ' নামীয় কোম্পানী ১ লক্ষ মার্কিন ডলারের তৈরী পোষাক ক্রয়ের জন্য মেসার্স 'ক' নামীয় কোম্পানীর নামে এলসি প্রদান করেছে। মেসার্স 'ক' কোম্পানী এ রপ্তানী আদেশ বাস্‌বায়নের জন্য তৈরী পোষাক প্রস্তুতের লক্ষ্যে



আনুসঙ্গিক পণ্য যেমন বোতাম, প্রাইস ট্যাগ, হ্যাঙ্গার ইত্যাদি ক্রয়ের জন্য বাংলাদেশের মেসার্স 'গ' কোম্পানীকে ২০ হাজার মার্কিন ডলারের ব্যাক টু ব্যাক এল/সি প্রদান করেছে। এই ২০ হাজার ডলারের এল/সি লোকাল ব্যাক-টু-ব্যাচ এলসি হওয়ায় এক্ষেত্রে ৫২ ধারার অধীন কোন কর কর্তন হবে না। তবে, এক্ষেত্রে ৫৩বিবি ধারার অধীন উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

(খ) বাংলাদেশের মেসার্স 'ক' নামীয় কোম্পানী তৈরী পোষাক প্রস্তুতপূর্বক বিদেশে রপ্তানী করে থাকে। এ কোম্পানী তার ফ্যাঙ্টরী ভবন মেরামতের কাজ সম্পাদনের জন্য জনাব ফয়সালের নিকট থেকে ১ হাজার ব্যাগ সিমেন্ট ক্রয়ের উদ্দেশ্যে ব্যাংকের মাধ্যমে ৪ লক্ষ টাকার লোকাল এল/সি প্রদান করেছে। মেসার্স 'ক' নামীয় প্রতিষ্ঠানটি রপ্তানী ব্যবসায়ের সাথে জড়িত থাকলেও যেহেতু এ লোকাল এলসির বিপরীতে কোন মাষ্টার এলসির সংশ্লিষ্টতা নেই, সেহেতু এ এলসির ক্ষেত্রে অধ্যাদেশের ৫২ ধারার বিধান অনুযায়ী উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

- সরকার, স্থানীয় কর্তৃপক্ষ, বিধিবদ্ধ কর্পোরেশন এবং এর ইউনিটসমূহ, সকল কোম্পানী (অনিবাসী ও জয়েন্ট ভেঞ্চার কোম্পানীসহ), ব্যাংক ও বীমা কোম্পানী, সমবায় ব্যাংক, বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ, এবং এন.জি.ও ব্যুরোর সাথে নিবন্ধিত এন.জি.ও সমূহ কর্তৃক যে সকল ব্যাংকে পণ্য বা সেবা ক্রয়ের জন্য লোকাল এল/সি

খোলা হবে সে সকল লোকাল এল/সি'র বিপরীতে অর্থ পরিশোধের সময় 'এল/সি ওপেনিং ব্যাংক' অধ্যাদেশের ৫২ ধারার বিধান অনুযায়ী উৎসে আয়কর কর্তন করবে। এক্ষেত্রে অর্থ গ্রহীতা অর্থাৎ পণ্য বা সেবা প্রদানকারীর মর্যাদা বিবেচ্য হবে না। তবে পণ্য বা সেবা প্রদানকারী যদি কোন অকরযোগ্য সত্ত্বার অধিকারী সরকারী প্রতিষ্ঠান হয় সেক্ষেত্রে উৎসে কর কর্তনের এ বিধান প্রযোজ্য হবে না।

- উপরে বর্ণিত যে সমস্ত্বে প্রতিষ্ঠান উৎসে কর কর্তনের দায়িত্বপ্রাপ্ত সে সমস্ত্বে প্রতিষ্ঠানসম—হ ছাড়া অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক লোকাল এল/সি খোলা হলে সেক্ষেত্রে আলোচ্য ধারা ও বিধির অধীন উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না। উদাহরণস্বরূপ, একজন ব্যক্তি মর্যাদার করদাতা তার একক মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানের নামে পণ্য ও সেবা ক্রয়ের জন্য লোকাল এল/সি খুললে সে এল/সি'র বিপরীতে অর্থ পরিশোধের সময় আলোচ্য ধারা ও বিধির অধীন উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে না।

এরূপে সংগৃহীত উৎসে আয়কর চূড়ান্ত করদায় হিসেবে গণ্য করার জন্য আয়কর অধ্যাদেশের ৪২C ধারায় প্রাসঙ্গিক সংশোধনী আনা হয়েছে।

১ জুলাই ২০১২ থেকে উৎসে আয়কর কর্তনের এ বিধান কার্যকর হবে।

**১১। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 52K সংশোধন :**

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশের ধারা 52K সংশোধন করে সিটি কর্পোরেশন বা পৌরসভা কর্তৃক ট্রেড লাইসেন্স নবায়নের সময় উৎসে আয়কর সংগ্রহের হার নিম্নরূপে পুনঃনির্ধারণ করা হয়েছেঃ

- (ক) ঢাকা (উত্তর ও দক্ষিণ) ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন-৫০০/- টাকা;
- (খ) ঢাকা ও চট্টগ্রাম ব্যতীত অন্যান্য সিটি কর্পোরেশন-৩০০/- টাকা;

(গ) জেলা শহরে অবস্থিত পৌরসভা- ৩০০/- টাকা; এবং

(ঘ) অন্য যে কোন পৌরসভা- ১০০/- টাকা

পরিবর্তিত এ বিধান ১ জুলাই ২০১২ থেকে ট্রেড লাইসেন্স নবায়নের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

## ১২। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 52N সংশোধন :

আয়কর অধ্যাদেশের ধারা 52N সংশোধন করতঃ রেন্টাল পাওয়ার কোম্পানীর আয়কর নির্ধারণ সংক্রান্ত বিধান ৩-ষ্ট করা হয়েছে। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক রেন্টাল পাওয়ার কোম্পানীর বিল পরিশোধের ক্ষেত্রে উৎসে কর্তিত আয়করকে চূড়ান্ত করদায় হিসেবে গণ্য করার বিধানটি 52N ধারার পরিবর্তে 82C ধারায় অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলে, রেন্টাল পাওয়ার কোম্পানীর বিল থেকে উৎসে কর কর্তন এবং কর্তিত কর পূর্বের ন্যায় চূড়ান্ত করদায় হিসেবে বিবেচিত হবে।

## ১৩। উৎসে আয়কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত নতুন ধারা 52R সংযোজনঃ

উৎসে আয়কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত একটি নতুন ধারা সংযোজন করা হয়েছে। নব সংযোজিত ধারা 52R অনুযায়ী আন্তর্জাতিক টেলিফোন কলের ক্ষেত্রে International Gateway Service (IGW) প্রদানের বিপরীতে কোন বিল বা যে কোন অর্থ পরিশোধের ক্ষেত্রে ১% হারে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে। যে ব্যাংকের মাধ্যমে এরূপ সেবা প্রদানকারী কোম্পানী অর্থ প্রাপ্ত হবে সেই ব্যাংক পরিশোধযোগ্য সমুদয় অর্থের উপর ১% হারে উৎসে আয়কর কর্তন করবে। অন্যদিকে 82C ধারায় প্রয়োজনীয় সংশোধনের মাধ্যমে এরূপ উৎসে কর্তিত আয়কর চূড়ান্ত করদায় হিসেবে গণ্য করার বিধান করা হয়েছে।

এ ধারার উপ-ধারা (২) অনুযায়ী আন্তর্জাতিক টেলিফোন কলের ক্ষেত্রে International Gateway Service (IGW) প্রদানকারী কোম্পানী কর্তৃক প্রাপ্ত অর্থ বিটিআরসি এর সাথে সম্মুদিত চুক্তি অনুযায়ী অন্যকোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের মধ্যে বন্টনের ক্ষেত্রে প্রদেয় অর্থের উপর ৫% হারে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে। অর্থাৎ IGW কোম্পানী কর্তৃক ICX, ANS কোম্পানীকে বা অন্য যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বিটিআরসি'র সাথে সম্মুদিত চুক্তির আওতায় পরিশোধযোগ্য অর্থের উপর প্রতি ক্ষেত্রে ৫% হারে উৎসে আয়কর কর্তন করবে। অন্যদিকে 82C ধারায় প্রয়োজনীয় সংশোধনের মাধ্যমে ICX কোম্পানীর নিকট থেকে এরূপ উৎসে কর্তিত আয়কর চূড়ান্ত করদায় হিসেবে গণ্য করার বিধান করা হয়েছে। তবে ANS কোম্পানী বা অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের এরূপ প্রাপ্তি থেকে কর্তিত উৎসে আয়কর চূড়ান্ত করদায় হিসেবে গণ্য হবে না।

১ জুলাই ২০১২ থেকে উৎসে আয়কর কর্তনের এ বিধান কার্যকর হবে।

এ ধারার উপ-ধারা (3) এর বিধান অনুযায়ী সংশিষ্ট করদাতার আবেদনের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তনযোগ্য আয়করের হার হ্রাস বা এরূপ উৎসে আয়কর কর্তন থেকে অব্যাহতি প্রদান করতে পারবে।

#### ১৪। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 53 সংশোধন :

ধারা 53 সংশোধন করে এ ধারাটি শুধুমাত্র আমদানীর জন্য নির্দিষ্ট করা হয়েছে। রপ্তানী থেকে উৎসে কর কর্তন সংক্রান্ত পৃথক ধারা থাকায় এ ধারা থেকে রপ্তানী সংক্রান্ত বর্ণনা বাদ দেয়া হয়েছে।

#### ১৫। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 53A সংশোধন :

(ক) ধারা 53A সংশোধন করে বাড়ী ভাড়া থেকে উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষের আওতা বৃদ্ধি করা হয়েছে। সংশোধিত বিধান এর ফলে প—বের কর্তৃপক্ষসহ যে কোন কলেজ বা স্কুল কর্তৃক বাড়ী ভাড়া প্রদানের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তনের বিধান করা হয়েছে। এছাড়া সংশোধিত বিধান

অনুযায়ী যে কোন অংক বাড়ী ভাড়া হিসেবে প্রদানকালে ৫% হারে উৎসে কর্তনের বিধান করা হয়েছে। প—র্ববর্তী বিধান অনুযায়ী মাসিক ২০,০০০/- টাকা পর্যন্তে বাড়ীভাড়া উৎসে কর কর্তনের আওতা বহির্ভূত ছিল যা বর্তমানে রহিত করা হয়েছে। বিধির বিষয়টি ম—ল অধ্যাদেশে সন্নিবেশিত হওয়ায় আয়কর বিধিমালার এ সংক্রান্তে বিধি 17B বিলোপ করা হয়েছে।

১ জুলাই ২০১২ থেকে উৎসে আয়কর কর্তনের এ বিধান কার্যকর হবে।

#### ১৬। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 53BB সংশোধন :

ধারা 53BB সংশোধন করে নীট ও ওভেন গার্মেন্টস্, টেরিটাওয়েল, গার্মেন্টস্ শিল্লের কার্টুন ও এক্সেসরিজ, পাটজাত দ্রব্য, হিমায়িত খাদ্য, শাকশজি, চামড়াজাত দ্রব্য ও প্যাকেটজাত খাদ্য রপ্তানীর ক্ষেত্রে রপ্তানী ম—ল্যের ০.৬০% এর পরিবর্তে ০.৮০% হারে উৎসে আয়কর কর্তনের বিধান করা হয়েছে।

১ জুলাই ২০১২ থেকে ০.৮০% হারে উৎসে আয়কর কর্তনের পরিবর্তিত এ বিধান কার্যকর হবে।

#### ১৭। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 53BBBB সংশোধনঃ

ধারা 53BBBB সংশোধন করে নীট ও ওভেন গার্মেন্টস্, টেরিটাওয়েল, গার্মেন্টস্ শিল্লের কার্টুন ও এক্সেসরিজ, পাটজাত দ্রব্য, হিমায়িত খাদ্য, শাকশজি, চামড়াজাত দ্রব্য ও প্যাকেটজাত খাদ্য ব্যতীত অন্যান্য পণ্য রপ্তানীর ক্ষেত্রে রপ্তানী ম—ল্যের ০.৭০% এর পরিবর্তে ০.৮০% হারে উৎসে আয়কর কর্তনের বিধান করা হয়েছে।

১ জুলাই ২০১২ থেকে ০.৮০% হারে উৎসে আয়কর কর্তনের পরিবর্তিত এ বিধান কার্যকর হবে।

**১৮। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 53D সংশোধনঃ**

ধারা 53D এর উপ-ধারা (2) এর পর নুতন প্রোভাইসো সংযোজন করা হয়েছে। ফলে সিনেমা, নাটক, বিজ্ঞাপন, টেলিভিশন বা রেডিও এর কোন অনুষ্ঠানে অংশ গ্রহণের জন্য অভিনেতা-অভিনেত্রী, শিল্পী বা অংশ গ্রহণকারী ব্যক্তিকে কোন সম্মানী/ফি পরিশোধের ক্ষেত্রে প্রদেয় অর্থের পরিমাণ ১০,০০০/- (দশ হাজার) টাকা বা তার কম হলে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে না। তবে, এ খাতে পরিশোধযোগ্য সর্বমোট অর্থের পরিমাণ ১০ হাজার টাকার অধিক হলে সমুদয় অংকের উপর ১০% হারে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে।

১ জুলাই ২০১২ থেকে পরিশোধিত সম্মানী বা ফি এর ক্ষেত্রে উৎসে আয়কর কর্তনের এ বিধান কার্যকর হবে।

**১৯। উৎসে আয়কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত নুতন ধারা 53DDD, সংযোজনঃ**

ধারা 53DDD অনুযায়ী রপ্তানী বাণিজ্যে নিয়োজিত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে রপ্তানী সহায়তা হিসেবে সরকার কর্তৃক প্রদেয় নগদ সুবিধা বা cash subsidy এর উপর ৫% হারে উৎসে আয়কর কর্তনের বিধান করা হয়েছে। এ কর্তিত কর চূড়ান্ত করদায় পরিশোধ হিসেবে গণ্য করার লক্ষ্যে ৪২C ধারায় প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়েছে।

১ জুলাই ২০১২ থেকে উৎসে আয়কর কর্তনের এ বিধান কার্যকর হবে।

**২০। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 53F সংশোধনঃ**

গ্রাহকের হিসাবে সুদ প্রদানকালে উৎসে কর কর্তন সংক্রান্ত 53F ধারা সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী যে গ্রাহকের করদাতা সনাক্তকরণ সংখ্যা (টি.আই.এন) রয়েছে এমন ব্যক্তি/প্রতিষ্ঠানের ব্যাংক সুদ/মুনাফার উপর ১০% হারে কর কর্তন প্রযোজ্য হবে। অন্যদিকে যে গ্রাহক টি.আই.এন দাখিল করতে ব্যর্থ হয়েছেন, সেক্ষেত্রে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান সুদ/মুনাফার উপর ১৫% হারে উৎসে আয়কর কর্তন করবে। যে সকল ব্যক্তি/প্রতিষ্ঠানের টি.আই.এন রয়েছে তাঁরা সংশিষ্ট কর সার্কেল হতে ইস্যুকৃত টি.আই.এন সনদপত্র বা রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র সংশিষ্ট ব্যাংকে দাখিল করবেন।

তবে শুধুমাত্র সঞ্চয়ী হিসাবের ক্ষেত্রে বছরের যে কোন সময়ে ১ লাখ টাকার নীচে স্থিতি (balance) থাকলে গ্রাহকের টি.আই.এন না থাকলেও ১০% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। তবে, এ সঞ্চয়ী হিসাবে ১ লাখ টাকার বেশী স্থিতি থাকলে এবং গ্রাহকের টি.আই.এন না থাকলে ১৫% হারে কর কর্তন প্রযোজ্য হবে। একই গ্রাহকের একই ব্যাংকে একাধিক সঞ্চয়ী হিসাব থাকলে প্রতিটি সঞ্চয়ী হিসাবের জন্য আলাদা আলাদাভাবে এই নিয়মের আওতায় আসবে।

যে সকল ব্যক্তি/প্রতিষ্ঠানের টি.আই.এন রয়েছে তাদের সকল ধরনের ব্যাংক হিসেবের সুদ/মুনাফার উপর ১০% হারে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে।

তবে নিম্নোক্ত ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে নাঃ

(ক) তফশীলি ব্যাংক কর্তৃক চালুকৃত এবং সরকার কর্তৃক অনুমোদিত যে কোন ডিপোজিট পেনশন স্কীমের উপর ব্যাংক কর্তৃক প্রদেয় সুদ/মুনাফার ক্ষেত্রে এবং

(খ) উপর্যুক্ত সুদ/মুনাফা হতে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য নয় মর্মে জাতীয় রাজস্ব বোর্ড কোন ব্যক্তি/প্রতিষ্ঠান বা কোন শ্রেণীর ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুক—লে সাধারণ বা বিশেষ আদেশ জারী করলে।

ব্যাংক সুদ/মুনাফার উপর উৎসে আয়কর কর্তনের বিধান নীচের উদাহরণ দ্বারা ব্যাখ্যা করা হলো:-

**উদাহরণ (১):** মোসাঃ শামীমা পারভীনের কোন টি.আই.এন নেই। তাঁর একটি সঞ্চয়ী হিসাব আছে, যাতে ১ জুলাই ২০১২ হতে ৩১ ডিসেম্বর ২০১২ সময়বৃত্তে স্থিতির পরিমাণ ১ লাখ টাকার কম ছিল। উক্ত সঞ্চয়ী হিসাবে ৩১ ডিসেম্বর ২০১২ তারিখে ২,৮০০/- (দুই হাজার আটশত) টাকা সুদ/মুনাফা প্রদেয় হলে তা ক্রেডিটকালে ২,৮০০/- (দুই হাজার আটশত) টাকার ১০% হারে ২৮০/- (দুইশত আশি) টাকা উৎসে আয়কর কর্তিত হবে।

ধরা যাক, মোসাঃ শামীমা পারভীনের একই সঞ্চয়ী হিসাবে ১ জানুয়ারী ২০১৩ হতে ৩০ জুন ২০১৩ সময়বৃত্তের কোন এক সময় স্থিতির পরিমাণ ১ লক্ষ টাকার বেশী ছিল। উক্ত সঞ্চয়ী হিসাবে ৩০ জুন ২০১৩ তারিখে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা সুদ/মুনাফা প্রদেয় হলে তা ক্রেডিটকালে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকার ১৫% হারে ৬৭৫/- (ছয়শত পঁচাত্তর) টাকা উৎসে আয়কর কর্তিত হবে।

এখানে উল্লেখ্য যে, ২০১২-২০১৩ অর্থ বছরের শেষার্ধে সঞ্চয়ী হিসাবে স্থিতির পরিমাণ ১ লাখ টাকার বেশী হলেও প্রথমার্ধের প্রাপ্ত সুদের উপর ১০% হারেই উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে। কারণ প্রথমার্ধের সুদ/মুনাফা ক্রেডিটকালে স্থিতির পরিমাণ ১ লাখ টাকার কম ছিল।

**উদাহরণ (২):** জনাব মোয়াজ্জেম হোসেনের এর কোন টি.আই.এন নেই। তাঁর একটি সঞ্চয়ী হিসাব আছে যাতে ১ জুলাই ২০১২ হতে ৩১ ডিসেম্বর ২০১২ সময়বৃত্তের যে কোন সময় স্থিতির পরিমাণ ১ লাখ টাকার বেশী ছিল। উক্ত সঞ্চয়ী হিসাবে ৩১ ডিসেম্বর ২০১২ তারিখে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা সুদ/মুনাফা প্রদেয় হলে তা ক্রেডিটকালে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ১৫% হারে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা উৎসে আয়কর কর্তিত হবে।



ধরা যাক, জনাব মোয়াজ্জেমের একই সঞ্চয়ী হিসাবে ১ জানুয়ারী ২০১৩ হতে ৩০ জুন ২০১৩ সময়বৃত্তে স্থিতির পরিমাণ ১ লাখ টাকার কম ছিল। উক্ত সঞ্চয়ী হিসাবে ৩০ জুন ২০১৩ তারিখে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা সুদ/মুনাফা প্রদেয় হলে তা ক্রেডিটকালে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকার ১৫% হারে ৩৭৫/- (তিনশত পাঁচাত্তর) টাকা উৎসে আয়কর কর্তিত হবে।

এখানে উলে-খ্য যে, ২০১২-২০১৩ অর্থ বছরের প্রথমার্ধে সঞ্চয়ী হিসেবে স্থিতির পরিমাণ ১ লাখ টাকার বেশী ছিল বিধায় ৩০ জুন ও ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্ত সুদের উপর ১৫% হারে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে। কারণ প্রথমার্ধের সুদ/মুনাফা ক্রেডিটকালে স্থিতির পরিমাণ ১ লাখ টাকার বেশী ছিল।

১ জুলাই ২০১২ বা তৎপরবর্তী উদ্ভূত—ত সুদ বা মুনাফার হিস্যা প্রদানের বেলায় উৎসে আয়কর কর্তনের নবপ্রবর্তিত এ বিধান কার্যকর হবে।

২১। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 53FF সংশোধন :  
ল্যান্ড ডেভেলোপমেন্ট ব্যবসায় নিয়োজিতদের জমি বিক্রয়ের ক্ষেত্রে উৎসে আয়কর আদায়ের হার সংক্রান্ত 53FF ধারা নিম্নরূপে সংশোধন করা হয়েছেঃ-

(ক) ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, মানিকগঞ্জ ও চট্টগ্রাম জেলায় অবস্থিত জমি বিক্রয়ের ক্ষেত্রে রেজিস্ট্রেশন পর্যায়ে দলিল ম—ল্যের ২% এর পরিবর্তে ৫% হারে উৎসে আয়কর সংগৃহীত হবে।

(খ) উপরোক্ত জেলা ব্যতীত অন্য যে কোন এলাকায় অবস্থিত জমি বিক্রয়ের ক্ষেত্রে রেজিস্ট্রেশন পর্যায়ে দলিল ম—ল্যের ১% এর পরিবর্তে ৩% হারে উৎসে আয়কর সংগৃহীত হবে।

তবে, ফ্লাট বিক্রয়ের ক্ষেত্রে উৎসে কর কর্তনের বিদ্যমান হার অপরিবর্তিত রয়েছে।

১ জুলাই, ২০১২ বা তৎপরবর্তীতে রেজিস্ট্রেশনের ক্ষেত্রে পরিবর্তিত এ বিধান প্রযোজ্য হবে।

২২। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 53H সংশোধন :

সম্পত্তি হস্তান্তরকালে উৎসে আয়কর সংগ্রহ সংক্রান্ত 53H ধারা সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধানে রেজিস্ট্রেশনের সময় উৎসে আয়কর সংগ্রহের হার পরিবর্তন এবং সম্পত্তির অবস্থানের পরিধি বৃদ্ধি করা হয়েছে। পরিবর্তিত এ বিধানে এলাকাভিত্তিক উৎসে আয়কর সংগ্রহের হার নিম্নরূপঃ-

(ক) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) ও চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ) এর আওতাধীন কৃষি ও অ-কৃষি জমি নির্বিশেষে সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে রেজিস্ট্রেশনকালে উৎসে আয়কর আদায়ের হার দলিল ম—ল্যের ৩%;

(খ) রাজউক ব্যতীত ঢাকা জেলা, সিডিএ ব্যতীত চট্টগ্রাম জেলা, গাজীপুর, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংদী জেলা, সিটি কর্পোরেশন এলাকা (ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন ব্যতীত), পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ড এর আওতাধীন কৃষি ও অ-কৃষি জমি নির্বিশেষে সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে রেজিস্ট্রেশনকালে উৎসে আয়কর আদায়ের হার দলিল ম—ল্যের ২%; এবং

(গ) অনুচ্ছেদ (ক) ও (খ) তে বর্ণিত এলাকা ব্যতীত অন্য যে কোন এলাকার আওতাধীন শুধুমাত্র অকৃষি সম্পত্তি রেজিস্ট্রেশনকালে উৎসে আয়কর আদায়ের হার দলিল ম—ল্যের ১%। অর্থাৎ অনুচ্ছেদ (ক) ও (খ)তে বর্ণিত এলাকা ব্যতীত অন্য এলাকার কৃষি জমি রেজিস্ট্রেশনকালে কোন উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে না।

উল্লেখ্য যে, সংশোধিত বিধান মোতাবেক কোন এলাকা একইসাথে রাজউক/সিডিএ এবং অন্য কোন জেলার অংশ হলেও উৎসে কর কর্তনের জন্য রাজউক/সিডিএ এর অধিক্ষেত্রই প্রাধান্য পাবে; অর্থাৎ, রাজউক/সিডিএ এর জন্য প্রযোজ্য হারেই উৎসে কর কর্তন করতে হবে।

উদাহরণস্বরূপ বলা যেতে পারে, ঢাকা, গাজীপুর ও নারায়ণগঞ্জ জেলার যেসব এলাকা রাজউক এর আওতাধীন সেসব এলাকার কৃষি ও অ-কৃষি জমি নির্বিশেষে সম• ত্তি রেজিস্ট্রেশনকালে দলিল ম—ল্যের উপর ৩% হারে উৎসে কর কর্তন করতে হবে। অনুরূপভাবে সিডিএ এর অধিক্ষেত্রাধীন এলাকার ক্ষেত্রেও ৩% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

১ জুলাই ২০১২ বা তৎপরবর্তীতে সম• ত্তি হস্@লস্@রের ক্ষেত্রে রেজিস্ট্রেশনকালে পরিবর্তিত এ বিধান প্রযোজ্য হবে।

২৩। খালি জমি বা প-ন্ট-মেশিনারীর ভাড়া থেকে উৎসে আয়কর কর্তন সংক্রান্@ ধারা 53J সংশোধন :

অধ্যাদেশের 53J ধারা সংশোধন করে খালি জমি বা প-ন্ট-মেশিনারীর ভাড়ার উপর ৫% হারে উৎসে আয়কর কর্তনের বিধান করা হয়েছে। নুতন বিধান অনুযায়ী খালি জমি বা প-ন্ট-মেশিনারীর যে কোন অংকের ভাড়া পরিশোধের ক্ষেত্রে ৫% হারে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে। প—বের বিধান অনুযায়ী মাসিক ১৫,০০০/- টাকা পর্যন্@ ভাড়া কর কর্তনের আওতা বর্হিত ছিল, যা বর্তমানে বিলোপ করা হয়েছে। বিধির বিষয়টি ম—ল অধ্যাদেশে সন্নিবেশিত হওয়ায় আয়কর বিধিমালার এ সংক্রান্@ বিধি 17BB বিলোপ করা হয়েছে।

১ জুলাই ২০১২ থেকে উৎসে আয়কর কর্তনের এ বিধান কার্যকর হবে।

২৪। বিজ্ঞাপন বিল থেকে উৎসে আয়কর কর্তন সংক্রান্@ ধারা 53K সংশোধন :

ধারা 53K সংশোধন করতঃ সংবাদপত্র, ম্যাগাজিন বা প্রাইভেট টেলিভিশন চ্যানেলের বিজ্ঞাপন বিল থেকে উৎসে আয়কর কর্তনের পাশাপাশি প্রাইভেট রেডিও স্টেশনের বিজ্ঞাপন বিল থেকে উৎসে আয়কর কর্তনের বিধান করা হয়েছে। এ ছাড়া প্রাইভেট টেলিভিশন বা প্রাইভেট রেডিও স্টেশন এর

এয়ারটাইম ক্রয়ের বিপরীতে পরিশোধযোগ্য অর্থের উপরও ৩% হারে উৎসে  
আয়কর কর্তনের বিধান প্রবর্তন করা হয়েছে।

১ জুলাই ২০১২ থেকে পরিশোধিত বিলের ক্ষেত্রে উৎসে কর  
কর্তনের এ বিধান প্রযোজ্য হবে।

২৫। কোম্পানী করদাতার আয়কর রিটার্নের সাথে পৃথক আয় পরিগণনা বিবরণী দাখিলের বিধান প্রবর্তন [ধারা 75(2)(d)(iii)]:

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে ধারা 75(2)(d)(iii) সংশোধন প—র্বক কোম্পানী করদাতার নিরীক্ষিত হিসাব বিবরণীতে প্রদর্শিত নীট আয় এবং আয়কর রিটার্নে প্রদর্শিত মোট আয় সমান না হলে আয়কর রিটার্নের সাথে নিরীক্ষিত হিসাব বিবরণী ছাড়াও এ দু'টির সমন্বয় পরিগণনা সম্বলিত পৃথক একটি বিবরণী রিটার্নের সাথে দাখিল করার বিধান করা হয়েছে।

২৬। কোম্পানী করদাতা কর্তৃক দাখিলকৃত উৎসে আয়কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত<sup>৩</sup> ত্রৈমাসিক রিটার্ন পরীক্ষা করার বিধান সংযোজন [ধারা 75A]:

ধারা 75A এর নতুন উপ-ধারা (4) সংযোজন করে ত্রৈমাসিক রিটার্ন পরীক্ষার ক্ষেত্রে নতুন বিধান করা হয়েছে। এ বিধান অনুযায়ী সংশ্লিষ্ট উপ-কর কমিশনার কোম্পানী করদাতার দাখিলকৃত ত্রৈমাসিক উৎসে আয়কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত<sup>৩</sup> রিটার্ন পরীক্ষা করতে পারবেন। উক্ত রিটার্ন পরীক্ষা<sup>৩</sup> কোম্পানী করদাতা আয়কর অধ্যাদেশের সপ্তম অধ্যায় অনুযায়ী উৎসে আয়কর কর্তন, আদায় বা পরিশোধে ব্যর্থ হয়েছে মর্মে প্রতীয়মান হলে উক্ত কোম্পানীকে উপ-কর কমিশনার কর্তৃক আয়কর অধ্যাদেশের 57(1) ধারায় খেলাপী করদাতা হিসেবে গণ্য করার বিধান করা হয়েছে।

২৭। সার্বজনীন স্ব-নির্ধারণী পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল সংক্রান্ত<sup>৩</sup> ধারা 82BB সংশোধনঃ

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে ধারা 82BB এর উপ-ধারা (3) এর প্রোভাইসোটি বাতিল করা হয়েছে। ফলে সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত যে কোন রিটার্ন জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদন সাপেক্ষে নিরীক্ষার আওতায় আনা যাবে।

এছাড়া, উপ-ধারা (5) প্রতিস্থাপনের মাধ্যমে ব্যবসা বা পেশায় প্রদর্শিত প্রারম্ভিক ম—লখন বা ম—লখনর অংশ যে আয় বছরে প্রদর্শন করা হয়েছে সে আয় বছরে অথবা আয় বছরের পরবর্তী ৫ বছরে ব্যবসা বা পেশা থেকে স্থানান্তর করার সুযোগ রহিত করা সম্পর্কিত বিধানটির ভাষাগত অসঙ্গততা দূর করা হয়েছে।

উদাহরণঃ

ধরা যাক, কোন ব্যবসা বা পেশায় কোন নতুন করদাতা কর্তৃক ২০১১-২০১২ আয়বর্ষের দাখিলকৃত আয়কর রিটার্নে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা প্রারম্ভিক ম—লখন প্রদর্শন করা হলো। এ ক্ষেত্রে করদাতা ২০১১-২০১২ আয়বর্ষ সহ পরবর্তী ৫ বছর অর্থাৎ ২০১৬-২০১৭ আয়বর্ষ শেষ না হওয়া পর্যন্ত প্রদর্শিত উক্ত ম—লখন বা ম—লখনর অংশ ব্যবসা বা পেশা থেকে অন্য কোথাও স্থানান্তর করতে পারবেন না।

২৮। চূড়ান্ত করদায় সংক্রান্ত ধারা 82C এর সংশোধনঃ

তিনটি নতুন খাতের আয় চূড়ান্ত করদায় হিসেবে গণ্য করে ধারা 82C সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধানের ফলে নিম্নোক্ত আয় চূড়ান্ত করদায় হিসেবে গণ্য হবেঃ

- রেন্টাল পাওয়ার কোম্পানীর বিল থেকে Section 52N অনুযায়ী উৎসে কর্তৃত আয়কর;
- Section 52R এর আওতায় আন্তর্জাতিক টেলিফোন কল খাতে IGW ও ICX কোম্পানীর উৎসে কর্তৃত আয়কর;
- সরকার কর্তৃক প্রদেয় নগদ সুবিধা বা cash subsidy এর উপর Section 53DDD অনুযায়ী উৎসে কর্তৃত আয়কর।

২০১২-২০১৩ কর বছর থেকে এ বিধান প্রযোজ্য হবে।

২৯। কর মামলা পুনঃ উন্মোচন সংক্রান্ত বিধান সংশোধন [ধারা 93] :

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে ধারা 93 এর উপ-ধারা (3) এর Clause (b) সংশোধন করা হয়েছে। ফলশ্রুতিতে ধারা 93 এর আওতায় কোন কর বছর শেষ হওয়ার পরবর্তী ৬ বছর পর্যন্ত উক্ত কর মামলা পুনঃউন্মোচন করা যাবে। ১ জুলাই ২০১২ বা এর পরে কর মামলা পুনঃউন্মোচনের ক্ষেত্রে পরিবর্তিত এ বিধান প্রযোজ্য হবে।

৩০। কর মামলা নিষ্পত্তির সময়সীমা তামাদি হওয়া সংক্রান্ত বিধান সংশোধন [ধারা 94] :

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে ধারা 94 এর উপ-ধারা (1A) এরপর একটি নুতন Sub-Section(1B) সন্নিবেশ করা হয়েছে। ফলশ্রুতিতে Chapter XIA এর আওতায় Transfer Pricing সংশ্লিষ্ট কোন কর মামলা নিষ্পত্তির ক্ষেত্রে তামাদির সময়সীমা বৃদ্ধি করে ৩ বছর করা হয়েছে। অর্থাৎ সংশ্লিষ্ট কর বছর অতিক্রান্ত হওয়ার পরবর্তী ৩ বছর এর মধ্যে কর মামলাটি নিষ্পত্তি করতে হবে।

৩১। আয়কর অধ্যাদেশে Transfer Pricing সংক্রান্ত নতুন Chapter XIA এবং আয়কর বিধিমালায় নতুন Rule 70 থেকে Rule 75 সংযোজন:

আয়কর অধ্যাদেশে Chapter XIA ও উক্ত Chapter এর আওতায় Section 107A থেকে Section 107J এবং আয়কর বিধিমালায় Rule 70 থেকে Rule 75 সংযোজনের মাধ্যমে ট্রান্সফার প্রাইসিং এর বিধান প্রবর্তন করা হয়েছে। নতুন প্রবর্তিত এ বিধান অনুযায়ী Section 107A(5) এর আওতায় সংজ্ঞায়িত আন্তর্জাতিক লেনদেন থেকে উদ্ভূত আয় Arm's Length Price এর ভিত্তিতে নিরূপিত হবে।

কোন আন্স্‌অর্জাতিক লেনদেনের Arm's Length Price কিভাবে নির্ধারিত হবে তা Section 107C এ বিধৃত রয়েছে। করদাতা কর্তৃক সম্পাদিত কোন আন্স্‌অর্জাতিক লেনদেনের মূল্য যদি Arm's Length Price অপেক্ষা ভিন্ন হয় এবং আন্স্‌অর্জাতিক লেনদেনের সম্পাদন মূল্যের ভিত্তিতে নিরূপনযোগ্য মোট আয় যদি Arm's Length Price এর ভিত্তিতে নিরূপনযোগ্য মোট আয় অপেক্ষা কম হয় তাহলে উক্ত লেনদেনের Arm's Length Price ধরে যে মোট আয় নিরূপনযোগ্য হতো তা করদাতার আয়কর রিটার্নে প্রদর্শন করতে হবে। নতুন প্রবর্তিত এ বিধান অনুযায়ী মোট আয়ের শুধু upward adjustment করা যাবে; কোন downward adjustment করা যাবে না।

কর নির্ধারণকালে (অডিট সংশ্লিষ্ট কর নির্ধারণীসহ) উপ কর কমিশনারের নিকট যদি প্রতীয়মান হয় যে করদাতার কোন আন্স্‌অর্জাতিক লেনদেনের মূল্য Section 107C এর sub-section (1) ও (2) এর বিধান অনুযায়ী নির্ধারিত হয়নি, অথবা করদাতা কর্তৃক Section 107E এর বিধান পরিপালন করা হয়নি, অথবা যে তথ্যের ভিত্তিতে করদাতা কর্তৃক Arm's Length Price নির্ধারণ করা হয়েছে সে তথ্য সঠিক বা নির্ভরযোগ্য নয়, তাহলে উপ কর কমিশনার করদাতাকে শুনানীর স্‌যোগ দিয়ে উক্ত আন্স্‌অর্জাতিক লেনদেনের Arm's Length Price নির্ধারণ করতে এবং সে অনুযায়ী করদাতার মোট আয় নিরূপন করতে পারবেন।

উপ কর কমিশনার প্রয়োজনে বোর্ডের অনুমোদন নিয়ে কোন করদাতার কোন আন্স্‌অর্জাতিক লেনদেনের Arm's Length Price নির্ধারণের জন্য সংশ্লিষ্ট কর মামলাটি ট্রান্সফার প্রাইসিং কর্মকর্তার নিকট প্রেরণ করতে পারবেন। ট্রান্সফার প্রাইসিং কর্মকর্তা তখন উক্ত আন্স্‌অর্জাতিক



লেনদেনের Arm's Length Price নির্ধারণের কার্যক্রম গ্রহন করবেন। এদিকে ট্রান্সফার প্রাইসিং কর্মকর্তাও উপযুক্ত মনে করলে বোর্ডের অনুমোদন নিয়ে কর নির্ধারণযোগ্য যে কোন কর মামলার কোন আন্তর্জাতিক লেনদেনের Arm's Length Price নির্ধারণের কার্যক্রম গ্রহন করতে পারবেন। উভয় ক্ষেত্রে ট্রান্সফার প্রাইসিং কর্মকর্তা করদাতাকে শুনানীর সুযোগ দিয়ে সংশ্লিষ্ট আন্তর্জাতিক লেনদেনের Arm's Length Price নির্ধারণ করে আদেশ জারী করবেন এবং আদেশের একটি কপি উপ কর কমিশনারের নিকট প্রেরণ করবেন। উপ কর কমিশনার ট্রান্সফার প্রাইসিং কর্মকর্তার আদেশের আলোকে করদাতার মোট আয় নিরূপন করবেন।

কোন আয়বর্ষে কোন ব্যক্তি (person) এর আন্তর্জাতিক লেনদেনের মোট পরিমান তিন কোটি টাকার অধিক হলে ঐ ব্যক্তি (person)কে Section 107E এবং Rule 73 এ উল্লেখিত বিষয়ে তথ্য, দলিলাদি ও রেকর্ড সংরক্ষণ করতে হবে, যাতে Arm's Length Price নির্ধারণকালে চাহিদা অনুযায়ী এসব তথ্য, দলিলাদি ও রেকর্ড আয়কর কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা যায়। যেসব বিষয়ে তথ্য, দলিলাদি ও রেকর্ড সংরক্ষণ করতে হবে তার কয়েকটি নিম্নে উল্লেখ করা হলোঃ

- (১) করদাতা প্রতিষ্ঠানটি (assessee enterprise) যে বহুজাতিক গ্রুপের সদস্য সে গ্রুপের মালিকানার ধরণ, ব্যবসায়িক প্রোফাইল, ব্যবসায়ের ক্ষেত্র ও প্রকৃতি, বাজার পরিস্থিতি, অর্থনৈতিক বাস্তবতা ইত্যাদি;
- (২) সংশ্লিষ্ট বহুজাতিক গ্রুপের অন্যান্য সদস্য প্রতিষ্ঠানের সংক্রান্ত ব্যবসায়িক প্রোফাইল;
- (৩) সংশ্লিষ্ট বহুজাতিক গ্রুপের অন্যান্য যে সব প্রতিষ্ঠানের সাথে করদাতার ব্যবসায়িক সম্পর্ক আছে তাদের নাম,

- অবস্থান, কর নিবাস, করদাতার সাথে তাদের সম্পর্ক ইত্যাদি;
- (৪) সংশ্লিষ্ট বহুজাতিক গ্রুপের বিভিন্ন সদস্যদের মধ্যে ব্যবসায়িক সম্পর্ক;
- (৫) সংশ্লিষ্ট বহুজাতিক গ্রুপের সমন্বিত হিসাব বিবরণী;
- (৬) করদাতা প্রতিষ্ঠান ও বাংলাদেশে কার্যক্রম পরিচালনার সকল সহযোগী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, ব্যবসায়িক প্রোফাইল, ব্যবসায়ের ড়োত্র, TIN, BIN, IRC, ERC, ইত্যাদি;
- (৭) করদাতা প্রতিষ্ঠান ও বাংলাদেশে কার্যক্রম পরিচালনার সকল সহযোগী প্রতিষ্ঠানের আর্থিক বিবরণী;
- (৮) করদাতা প্রতিষ্ঠান ও বাংলাদেশে কার্যক্রম পরিচালনার সকল সহযোগী প্রতিষ্ঠান কর্তৃক প্রণয়নকৃত বাজার ও অর্থনৈতিক বিশ্লেষণ, forecast, বাজেট প্রণয়ণ বা অন্য কোন estimate;
- (৯) সহযোগী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত লেনদেন;
- (১০) সহযোগী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত লেনদেন সংশ্লিষ্ট চুক্তি, শর্ত বা সমঝোতা;
- (১১) সহযোগী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত লেনদেন এর ভিত্তিতে প্রস্তুতকৃত segment financial statements;
- (১২) করদাতা প্রতিষ্ঠানের ব্যবসায়ের ড়োত্র ও প্রকৃতি, বাজার পরিস্থিতি, অর্থনৈতিক বাস্তবতা, অতীত, বর্তমান ও ভবিষ্যতের ব্যবসায়িক মডেল ও কৌশল;
- (১৩) করদাতা প্রতিষ্ঠান ও এর সাথে আন্তর্জাতিক লেনদেনে জড়িত সহযোগী প্রতিষ্ঠানের কার্য সম্পাদন (functions performed), ঝুঁকি গ্রহন (risk assumed) এবং সম্পদ বিনিয়োগ (assets employed) এর বিস্তারিত বিবরণ;
- (১৪) comparability analysis এর বিস্তারিত বিবরণ;
- (১৫) যে পদ্ধতি অনুসরণ করে Arm's Length Price নির্ধারণ করা হয়েছে তার বিস্তারিত বিবরণ এবং অনুসৃত

পদ্ধতিটিকে কেন most appropriate method মনে করা হয়েছে তার সপক্ষে যুক্তি; ইত্যাদি।

উপকর কমিশনার যে কোন ব্যক্তি (person) এর উপর Section 107E এ নোটিশ জারী করে নোটিশে উল্লেখিত সময়ের মধ্যে উপর্যুক্ত তথ্য, দলিলাদি ও রেকর্ড দাখিলের জন্য বলতে পারবেন। চাহিদাকৃত তথ্য, দলিলাদি ও রেকর্ড যে আয়বর্ষের সাথে সম্পর্কিত সে আয়বর্ষে ঐ ব্যক্তির আন্তর্জাতিক লেনদেনের মোট পরিমাণ তিন কোটি টাকার অধিক হলে তথ্য, দলিলাদি ও রেকর্ডের সংগে Rule 75 মোতাবেক চার্টার্ড একাউন্টেন্ট কর্তৃক প্রদত্ত একটি রিপোর্টও দাখিল করতে হবে।

কোন ব্যক্তি (person) Section 107E মোতাবেক তথ্য, দলিলাদি ও রেকর্ড সংরক্ষণ বা দাখিলে ব্যর্থ হলে উপ কর কমিশনার উক্ত ব্যক্তি (person) কর্তৃক সম্পাদিত প্রত্যেকটি আন্তর্জাতিক লেনদেনের সর্বোচ্চ শতকরা এক ভাগ জরিমানা আরোপ করতে পারবেন। এছাড়া Section 107F এ নির্দেশিত চার্টার্ড একাউন্টেন্ট এর রিপোর্ট দাখিলে ব্যর্থতার কারণে উপ কর কমিশনার সর্বোচ্চ তিন লক্ষ টাকা জরিমানা আরোপ করতে পারবেন।

ট্রান্সফার প্রাইসিং সংক্রান্ত উপর্যুক্ত বিধানাবলী জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এ বিষয়ে অফিসিয়াল গেজেটের মাধ্যমে জারীকৃত নোটিশে উল্লেখিত তারিখ থেকে কার্যকর হবে।

৩২। তল-শী ও জব্দকরণ সংক্রান্ত বিধান সংশোধন [ধারা 117]ঃ

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে ধারা 117 এর উপ-ধারা (1) এর clause (b) এর সংশোধনের মাধ্যমে সহকারী কর কমিশনার পদ মর্যাদার

কর্মকর্তাকেও তল-াশী ও জন্দকরণের ক্ষমতা প্রদান করা যাবে। উলে-খ্য যে, প-র্ববর্তী বিধান অনুযায়ী উপ কর কমিশনার পদ মর্যাদার নিম্নে কোন কর্মকর্তাকে তল-াশী ও জন্দকরণের ক্ষমতা প্রদান করার সুযোগ ছিল না। এছাড়া ধারা 117 এর Sub-Section(2) এর পর Electronic Records & Systems সম্• কিত একটি ব্যাখ্যা সংযোজন করা হয়েছে।

**৩৩। বিকল্প বিরোধ নিশ্• ত্তি সংক্রান্ে নুতন ধারা 152II এর সংযোজনঃ**

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে বিকল্প বিরোধ নিশ্• ত্তির বিষয়ে একটি নুতন ধারা 152II সংযোজন করা হয়েছে। ফলশ্রু“ তিতে কোন কর বছরের কর মামলার ক্ষেত্রে করদাতা কর্তৃক ADR এর মাধ্যমে বিরোধ নিশ্• ত্তির আবেদন করা হলে এবং একই আয় বছরের জন্য উপ কর কমিশনার কর্তৃক আপীলাত ট্রাইবুনাতে মামলা দায়ের করা হলে বা কর কমিশনার কর্তৃক হাইকোর্টে রেফারেন্স মামলা দায়ের করা হলে ADR এর মাধ্যমে মামলা নিশ্• ত্তি বা এ বিষয়ে কোন সিদ্ধান্ে হওয়ার প-র্ব পর্যন্তে আপীলাত ট্রাইবুনাতে বা হাইকোর্টে দায়েরকৃত কর বিভাগের মামলা বা রেফারেন্সের কার্যক্রম স্থগিত থাকবে।

**৩৪। বিকল্প বিরোধ নিশ্• ত্তি সংক্রান্ে ধারা 152K এর সংশোধনঃ**

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে ধারা 152K সংশোধনের মাধ্যমে ADR এর সহায়তাকারীকে (facilitator) প্রদেয় fees নির্ধারণের ক্ষমতা জাতীয় রাজস্ব বোর্ডকে প্রদান করা হয়েছে।

**৩৫। বিকল্প বিরোধ বিষয়ে উপকর কমিশনার কর্তৃক মতামত প্রদান সংক্রান্ে ধারা 152N এর সংশোধনঃ**

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে ধারা 152N এর উপধারা (2) সংশোধনের মাধ্যমে সহায়তাকারীর নিকট বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদনের উপর উপ কর কমিশনার কর্তৃক মতামত প্রদানের সময়সীমা ১৫ (পনের) দিনের পরিবর্তে ৫ (পাঁচ) কার্যদিবস নির্ধারণ করা হয়েছে। ১ জুলাই ২০১২ তারিখে বা তার পরবর্তীতে চাহিত এরূপ মতামতের ক্ষেত্রে সংশোধিত এ বিধান প্রযোজ্য হবে।

**৩৬। বিকল্প বিরোধ নিষ্পত্তির সময়সীমা সংক্রান্ত ধারা 152O এর সংশোধনঃ**

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে ধারা 152O এর উপধারা (8) সংশোধনের মাধ্যমে এ অধ্যায়ের অধীন কোন আবেদন নিষ্পত্তির সময়সীমা ১ (এক) মাসের পরিবর্তে ২ (দুই) মাস নির্ধারণ করা হয়েছে। উক্ত সংশোধনীর ফলে ১ জুলাই ২০১২ তারিখ বা তার পরে বিকল্প বিরোধ নিষ্পত্তির কোন আবেদন করা হলে যে মাসে উক্ত আবেদন দাখিল করা হবে সে মাস শেষ হওয়ার পরবর্তী ২ (দুই) মাসের মধ্যে বিকল্প বিরোধ নিষ্পত্তির উক্ত আবেদন নিষ্পত্তি করতে হবে।

**৩৭। আয়কর রিটার্ন দাখিল করেনি এমন করদাতা কর্তৃক প্রথম আপীল দায়েরের ক্ষেত্রে আয়কর পরিশোধের বিধান সন্নিবেশ করে ধারা 153 সংশোধনঃ**

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে ধারা 153 এ নতুন উপধারা (4) সংযোজন করে আয়কর রিটার্ন দাখিল করেনি এরূপ করদাতা কর্তৃক আপীলাত যুগ্ম/অতিরিক্ত কর কমিশনার বা আপীলাত কর কমিশনার বরাবর আপীল দায়েরের ক্ষেত্রে উপ কর কমিশনার কর্তৃক আরোপিত আয়করের ১০% হারে আয়কর পরিশোধের বাধ্যবাধকতা আরোপ করা হয়েছে।

যেকোন কর বছরের জন্য ১ জুলাই ২০১২ তারিখে বা তার পরবর্তীতে আপীল দায়েরের ক্ষেত্রে সংশোধিত এ বিধান প্রযোজ্য হবে।

উলে-খ্য যে, প—র্ববর্তী বিধান অনুযায়ী আয়কর রিটার্ন দাখিল করেনি এমন করদাতা কর্তৃক আপীলাত যুগ্ম/অতিরিক্ত কর কমিশনার বা আপীলাত কর কমিশনার বরাবর আপীল দায়েরের ক্ষেত্রে কোন কর পরিশোধের বাধ্যবাধকতা ছিল না।

**৩৮। কোন নোটিশ বা করাদেশ ইত্যাদি জারীর বিষয়ে আয়কর অধ্যাদেশের ধারা 178 সংশোধনঃ**

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে ধারা 178 এর উপধারা (1) প্রতিস্থাপনপ—র্বক এরূপ বিধান করা হয়েছে যে, কোন নোটিশ, করাদেশ, কর/প্রত্যর্পণ পরিগণনা ফরম বা অন্য কোন ডকুমেন্ট রেজিস্ট্রার ডাকযোগে বা Code of Civil Procedure, 1908 (Act. V of 1908) এর বিধান অনুযায়ী সমন জারীর ক্ষেত্রে যে পদ্ধতি অবলম্বন করা হয় সে পদ্ধতিতে করদাতার নিকট জারী করতে হবে।

প্রতিস্থাপিত ধারার প্রোভাইসো অনুযায়ী কোন করদাতার কোন নোটিশ, করাদেশ, কর/প্রত্যর্পণ পরিগণনা ফরম বা অন্য কোন ডকুমেন্ট উক্ত করদাতার ১৭৪ ধারায় ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি কর্তৃক গৃহীত হলে উক্ত নোটিশ, করাদেশ, কর/প্রত্যর্পণ পরিগণনা ফরম বা অন্য কোন ডকুমেন্ট বৈধভাবে জারীকৃত বলে গণ্য হবে।

যে কোন কর বছরের কোন নোটিশ, করাদেশ, কর/প্রত্যর্পণ পরিগণনা ফরম বা অন্য কোন ডকুমেন্ট ১ জুলাই ২০১২ বা তৎপরবর্তীতে জারীর ক্ষেত্রে নতুন এ বিধান কার্যকর হবে।

**৩৯। টি.আই.এন সনদ গ্রহণের বিধান সংক্রান্তে ধারা 184A সংশোধনঃ**

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে ধারা 184A এর বিদ্যমান একটি clause (b) সংশোধনের মাধ্যমে যে কোন পৌরসভা থেকে ট্রেড লাইসেন্স নবায়নের

ক্ষেত্রে টি.আই.এন সনদ বা রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকার পত্র দাখিলের বিধান করা হয়েছে। প—র্ববর্তী বিধান অনুযায়ী কেবল বিভাগীয় শহরের পৌরসভা বা সিটি কর্পোরেশন থেকে ট্রেড লাইসেন্স নবায়নের ক্ষেত্রে টি.আই.এন সনদ বা রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকার পত্র জমা দানের বিধান ছিল। সংশোধিত বিধান অনুযায়ী যে কোন পৌরসভা বা সিটি কর্পোরেশন থেকে ট্রেড লাইসেন্স নবায়নের ক্ষেত্রে টি.আই.এন সনদ বা রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকার পত্র জমা দানের বিধান করা হয়েছে।

একই ধারায় নতুন ২টি clause সংযোজনের মাধ্যমে নিম্নে উল্লেখিত ক্ষেত্রসমূহ—হে টি.আই.এন সনদ বা রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকার পত্র জমা দেয়ার বিধান করা হয়েছেঃ

- (ক) ভাড়ায় চালিত লঞ্চ, স্টীমার, ফিশিং ট্রলার, কার্গো, কোস্টার, ডাম্প - বার্জ ইত্যাদির সার্ভে সার্টিফিকেট ইস্যু বা নবায়ন; এবং
- (খ) ইম্পুরেস কোম্পানীর এজেন্টের সার্টিফিকেট রেজিস্ট্রেশন বা নবায়ন।

১ জুলাই ২০১২ বা তৎপরবর্তীতে উপর্যুক্ত ট্রেড লাইসেন্স নবায়ন, সার্ভে সার্টিফিকেট ইস্যু বা নবায়ন এবং ইম্পুরেস এজেন্টের সার্টিফিকেট রেজিস্ট্রেশন বা নবায়নের ক্ষেত্রে সংশোধিত এ বিধান প্রযোজ্য হবে।

**৪০। আয়কর অধ্যাদেশের Sixth Schedule এর Part- A এর সংশোধনঃ**

(১) paragraph 6 সংশোধনের মাধ্যমে pension fund এর ট্রাস্টির আয় করমুক্ত করার বিধান করা হয়েছে। প—র্ববর্তী বিধান অনুযায়ী কেবল স্বীকৃত প্রভিডেন্ড ফান্ড, অনুমোদিত সুপার এ্যানুয়েশন ফান্ড এবং অনুমোদিত গ্রাচুইটি ফান্ড এর ট্রাস্টির আয় করমুক্ত ছিল;

(২) paragraph 11A সংযোজনের মাধ্যমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত ডিভিডেন্ড আয় কর মুক্ত করা হয়েছে।

উদাহরণঃ—কোন করদাতা ১২,০০০/- (বার হাজার) টাকা নগদ লভ্যাংশ প্রাপ্ত হলে ১২,০০০/- - ৫,০০০/- = ৭,০০০/- করযোগ্য আয় হিসেবে গণ্য হবে।

এ বিধান ২০১২-২০১৩ কর বর্ষ থেকে কার্যকর হবে।

(৩) paragraph 33 সংশোধনের মাধ্যমে সফটওয়্যার উন্নয়ন ও Information Technology Enabled Services (ITES) থেকে আয় করমুক্ত থাকার মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। এর মাধ্যমে এ খাতের করমুক্ত আয়ের সুবিধা জুন, ২০১৫ পর্যন্ত বহাল থাকবে।

(৪) ন-তন ৪টি paragraph 44, 45, 46 ও 47 সংযোজন করা হয়েছে।

(ক) paragraph 44 এর মাধ্যমে ন-তন সিনেমা হল বা সিনেপে-স্ক্র এর আয়কে কর অব্যাহতিঃ

- ন-তন সিনেমা হল বা সিনেপে-স্ক্র এর বাণিজ্যিক প্রদর্শনীর তারিখ থেকে উদ্ভূত আয়কে স্থান ভেদে ৫ বা ৭ বছরের জন্য নিম্নরূপ ক্রমহ্রাসমান হারে কর অব্যাহতি সুবিধা প্রদান করা হয়েছে।
- ঢাকা ও চট্টগ্রাম বিভাগ (পার্বত্য জেলাসম-হ বাদে) নিম্নোক্ত হারে ৫ বছর;

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
প্রথম ২ বছর	১০০%
পরবর্তী ২ বছর	৫০%
পরবর্তী ১ বছর	২৫%

- রাজশাহী, খুলনা, সিলেট ও বরিশাল বিভাগ এবং রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলা নিম্নোক্ত হারে -----৭ বছর;

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
প্রথম ৩ বছর	১০০%
পরবর্তী ৩ বছর	৫০%
পরবর্তী ১ বছর	২৫%



- ০১/০৭/২০১২ থেকে ৩০/০৬/২০১৫ পর্যন্ত সময়বৃত্তে বাণিজ্যিকভাবে প্রদর্শনীর কার্যক্রম শুরু" র ক্ষেত্রে এ সুবিধা প্রদান করা হয়েছে;

(খ) paragraph 45 এর মাধ্যমে Rice Bran Oil উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান এর আয়কে কর অব্যাহতি:

- ধানের কুড়া থেকে তেল উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান এর বাণিজ্যিক উৎপাদনের তারিখ থেকে স্থানভেদে ৫ বা ৭ বছরের জন্য নিম্নরূপ ক্রমহ্রাসমান হারে কর অব্যাহতি সুবিধা প্রদান করা হয়েছে:
- ঢাকা ও চট্টগ্রাম বিভাগ (পার্বত্য জেলাসম—হ বাদে) নিম্নোক্ত হারে - ৫ বছর;

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
প্রথম ২ বছর	১০০%
পরবর্তী ২ বছর	৫০%
পরবর্তী ১ বছর	২৫%

- রাজশাহী, খুলনা, সিলেট ও বরিশাল বিভাগ এবং রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলা নিম্নোক্ত হারে -----৭ বছর;

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
প্রথম ৩ বছর	১০০%
পরবর্তী ৩ বছর	৫০%
পরবর্তী ১ বছর	২৫%

- ৩০/০৬/২০১৫ এর মধ্যে বাণিজ্যিক উৎপাদন শুরু" হয়েছে এরূপ প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ সুবিধা প্রদান করা হয়েছে। এ বিধান ২০১২-২০১৩ কর বর্ষ থেকে কার্যকর হবে।

(গ) paragraph 46 এর মাধ্যমে ভূট্টা ও সুগারবীট উৎপাদন থেকে প্রাপ্ত আয়কে কর অব্যাহতি:

- ভুট্টা ও সুগারবিট উৎপাদন থেকে উদ্ভূত আয়ের ৫০% কে কর অব্যাহতি সুবিধা প্রদান করা হয়েছে এ বিধান ২০১২-২০১৩ কর বর্ষ থেকে কার্যকর হবে।

(ঘ) **paragraph 47** এর মাধ্যমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা তহবিলে প্রদত্ত অনুদানকে কর অব্যাহতিঃ

- প্রধান মন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২ এর আওতায় গঠিত তহবিলে প্রদত্ত নির্ধারিত সীমার অনুদান করমুক্ত আয় হিসেবে বিবেচনার বিধান করা হয়েছে;
- কোম্পানী শ্রেণীর করদাতাগণ সর্বো” চ ৮ কোটি টাকা বা মোট আয়ের ২০% (দুইয়ের মধ্যে যেটি কম) অনুদান প্রদান করতে পারবে;
- ব্যক্তি শ্রেণীর করদাতাগণ সর্বো” চ ১ কোটি টাকা বা মোট আয়ের ২০% (দুইয়ের মধ্যে যেটি কম) অনুদান প্রদান করতে পারবে।  
এ বিধান ২০১২-২০১৩ কর বর্ষ থেকে কার্যকর হবে।

**৪১।** আয়কর অধ্যাদেশের **Sixth Schedule** এর **Part-B** এর সংশোধনঃ

আয়কর অধ্যাদেশের Sixth Schedule এর Part-B এর paragraph-11 সংশোধনের মাধ্যমে তফশিলি ব্যাংকের ডিপোজিট পেনশন স্কিমের পাশাপাশি আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত ডিপোজিট পেনশন স্কিমে বিনিয়োগকেও আয়কর রেয়াতের জন্য বিবেচনা করার বিধান করা হয়েছে। এ বিধান ২০১২-২০১৩ কর বর্ষ থেকে কার্যকর হবে।

**৪২।** কর অব্যাহতি সংক্রান্ত কতিপয় প্রজ্ঞাপনঃ

- (ক) বিভিন্ন বাণিজ্য সংগঠনের আয়ের উপর করারোপঃ  
দেশের বিভিন্ন বাণিজ্য সংগঠন বা বণিক সমিতি বা শিল্প সমিতির আয়ের উপর করারোপ সংক্রান্ত প্রজ্ঞাপন নং

এস,আর,ও নং-২৩৪-আইন-আয়কর/২০১১, তারিখঃ ৬ জুলাই, ২০১১ রহিতক্রমে নতুন এস.আর.ও. নং-২১৬-আইন-আয়কর/২০১২, তারিখঃ ২৭ জুন, ২০১২ জারী করা হয়েছে। এর মাধ্যমে এ সকল সংগঠনের সুদ বা মুনাফা আয়, গৃহ সম্পত্তি হতে আয় এবং ব্যবসা আয় ব্যতীত অন্যান্য সকল আয়কে করমুক্ত করা হয়েছে। এর ফলে এ সকল সংগঠনের শুধুমাত্র সুদ বা মুনাফা আয়, গৃহ সম্পত্তি হতে আয় এবং ব্যবসা আয় থাকলে তার উপর প্রযোজ্য হারে কর প্রদান করতে হবে (পরিশিষ্ট-১)।

(খ) তৈরী পোষাক এবং নীটওয়্যার উৎপাদনে নিয়োজিত করদাতার রপ্তানী থেকে আয় নিরপন সংক্রান্তঃ

এস.আর.ও. নং- ২১৭-আইন-আয়কর/২০১২, তারিখঃ ২৭ জুন, ২০১২ এর মাধ্যমে ১ জুলাই, ২০১০ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং-২৬৫-আইন/আয়কর/২০১০ সংশোধনের মাধ্যমে তৈরি পোষাক এবং নীটওয়্যার উৎপাদনে নিয়োজিত করদাতার রপ্তানী হতে উদ্ভূত আয়ের ক্ষেত্রে ধারণাগত আয়করের হার ১০% বিবেচনাপূর্বক আয় নিরূপণ এবং উক্ত এস.আর.ও তে বর্ণিত শর্তানুযায়ী চূড়ান্ত করদায় হিসেবে গণ্য করার সময়সীমা ৩০ জুন, ২০১২ তারিখ হতে বৃদ্ধি করে ৩০ জুন, ২০১৪ করা হয়েছে (পরিশিষ্ট-২)।

(গ) পুঁজিবাজারে বিনিয়োগঃ

এস.আর.ও. নং-২১৮-আইন-আয়কর/২০১২, তারিখঃ ২৭ জুন, ২০১২ এর মাধ্যমে এস,আর,ও নং ২১-আইন/আয়কর/২০১২, তারিখ ১১ জানুয়ারি, ২০১২ সংশোধনের মাধ্যমে পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার বা মিউচুয়াল ফান্ড ইউনিট ক্রয়ে বৈধ উপায়ে অর্জিত কর অনারোপিত আয় ১০% হারে কর পরিশোধ সাপেক্ষে

বিনিয়োগের সুযোগ ৩০শে জুন, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

১ জুলাই, ২০১২ থেকে ৩০ জুন, ২০১৩ এর মধ্যে শেষার ক্রয়ে বিনিয়োগকৃত অর্থ সম্মুখে ১৫ই জুলাই, ২০১৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপ কর কমিশনারের নিকট নির্ধারিত ছকে ঘোষণা প্রদান করতে হবে। তবে শর্ত থাকে যে, যে সকল করদাতা ৩০ জুন, ২০১২ এর মধ্যে উক্ত বিনিয়োগ করেছেন সে সকল করদাতাকে ১৫ জুলাই, ২০১২ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপ কর কমিশনারের নিকট নির্ধারিত ছকে ঘোষণা প্রদান করতে হবে;

১ জুলাই, ২০১২ থেকে ৩০ জুন, ২০১৩ এর মধ্যে শেষার ক্রয়ে বিনিয়োগকৃত অর্থ ৩০/০৬/২০১৪ তারিখের মধ্যে উত্তোলন বা অন্যত্র স্থানান্তর করা যাবে না। বিনিয়োগকৃত অর্থ দিয়ে শেষার লেনদেন করা যাবে এবং অর্জিত মুনাফা উত্তোলন করা যাবে। তবে শর্ত থাকে যে, ৩০ জুন, ২০১২ এর মধ্যে বিনিয়োগকৃত অর্থ ৩০ জুন, ২০১৩ খ্রিঃ তারিখের পরবর্তী যে কোন সময়ে উত্তোলন বা অন্যত্র স্থানান্তর করা যাবে। উভয়ক্ষেত্রে পরিশোধিত আয়করের উৎস ব্যাখ্যা করতে হবে (পরিশিষ্ট-৩)।

(ঘ) রপ্তানী প্রক্রিয়াজাতকরণ এলাকার শিল্প:

সরকারী রপ্তানী প্রক্রিয়াজাতকরণ এলাকায় প্রতিষ্ঠিত শিল্পের আয় বিদ্যমান বিধান অনুযায়ী ৫ বছরের জন্য শর্ত সাপেক্ষে কর অব্যাহতি প্রাপ্ত। তবে এস,আর,ও নং-২১৯-আইন-আয়কর/২০১২, তারিখঃ ২৭ জুন, ২০১২এর মাধ্যমে এস.আর.ও নং- ২১৯-আইন/আয়কর/২০১১, তারিখঃ ৪ জুলাই, ২০১১ সংশোধন প-বর্ক ১লা জানুয়ারী ২০১২ হতে সরকারী ও বেসরকারী EPZ এলাকায় প্রতিষ্ঠিত শিল্প প্রতিষ্ঠান এলাকাভেদে ৫ বা ৭ বছরের জন্য শর্ত সাপেক্ষে কর অব্যাহতি সুবিধা প্রাপ্ত হবে। শর্ত সম-হ নিম্নরূপঃ

- এ এলাকায় প্রতিষ্ঠিত শিল্পকে হিসাব যথাযথভাবে সংরক্ষণ করতে হবে; এবং
- আয়কর অধ্যাদেশের ৭৫ ধারা অনুযায়ী পদ্ধতি অনুসরণ করে নিদিষ্ট সময়ের মধ্যে আয়কর রিটার্ন দাখিল করতে হবে।

এলাকাভেদে কর অব্যাহতির মেয়াদ ও করহার হবে নিম্নরূপঃ  
(ক) ঢাকা ও চট্টগ্রাম বিভাগ (রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলাসম—হ বাদে) নিম্নোক্ত হারে - ৫ বছর;

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
প্রথম ২ বছর	১০০%
পরবর্তী ২ বছর	৫০%
পরবর্তী ১ বছর	২৫%

(খ) রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল ও রংপুর বিভাগ এবং রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলাসম—হের জন্য নিম্নোক্ত হারে - ৭ বছর;

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
প্রথম ৩ বছর	১০০%
পরবর্তী ৩ বছর	৫০%
পরবর্তী ১ বছর	২৫%

(পরিশিষ্ট- ৪)

(ঙ) মোটর কার বা জীপ রেজিস্ট্রেশন বা ফিটনেস নবায়ন কালে প্রদেয় আয়করের হার বৃদ্ধিঃ

মোটর কার, জীপ বা মাইক্রোবাসের মালিকগনকে এ গাড়ী রেজিস্ট্রেশন বা ফিটনেস নবায়নকালে নির্ধারিত হারে আয়কর পরিশোধ করতে হবে। এস,আর,ও নং-২২০-

আইন/আয়কর/২০১২তারিখঃ ২৭ জুন, ২০১২ এর মাধ্যমে এ সংক্রান্ত প্রদেয় আয়করের হার নিম্নরূপে সংশোধন করা হয়েছেঃ

ক্রমিক নং	গাড়ীর ধরণ	প্রদেয় আয়করের হার
(ক)	১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য	টাকা ১৫,০০০.০০
(খ)	২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য	টাকা ৩০,০০০.০০
(গ)	২০০০ সিসির উপরে প্রতিটি মোটরকার এর জন্য	টাকা ৫০,০০০.০০
(ঘ)	২৮০০ সিসি পর্যন্ত প্রতিটি জীপ এর জন্য	টাকা ৬০,০০০.০০
(ঙ)	২৮০০ সিসির উপরে প্রতিটি জীপ এর জন্য	টাকা ১,০০,০০০.০০
(চ)	মাইক্রোবাস প্রতিটির জন্য	টাকা ১৫,০০০.০০

০১ জুলাই ২০১২ বা তৎপরবর্তীতে এরূপ কোন গাড়ী রেজিস্ট্রেশন বা ফিটনেস নবায়নের ক্ষেত্রে পরিবর্তিত এ আয়কর হার প্রযোজ্য হবে।

একই এস.আর.ও সংশোধনের মাধ্যমে আরও বিধান করা হয়েছে যে, করযোগ্য স্বত্ত্বা নয় এরূপ প্রতিষ্ঠানের মালিকানাধীন মোটরকার, জীপ বা মাইক্রোবাসের ক্ষেত্রে এ প্রজ্ঞাপনে উল্লিখিত আয়কর প্রযোজ্য হবে না, যদি উক্ত প্রতিষ্ঠান করযোগ্য স্বত্ত্বা নয় মর্মে জাতীয় রাজস্ব বোর্ড থেকে প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নিকট দাখিল করে।

(পরিশিষ্ট- ৫)

(চ) কতিপয় এস,আর,ও বাতিলঃ

এস,আর,ও নং ২২১-আইন/আয়কর/২০১২, তারিখঃ ২৭ জুন ২০১২ এর মাধ্যমে নিম্নোক্ত এস,আর,ও-সম-হ রহিত করা হয়েছেঃ

- S.R.O 266-L/86 dated 1st July, 1986 বিলোপের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড নির্ধারিত অগ্রগামী শিল্প (রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় অবস্থিত) কে কর অব্যাহতির বিধান বাতিল করা হয়েছে। তবে, যে সকল শিল্প ৩০ জুন ২০১২ বা তার আগে এ সুবিধা ভোগরত আছে তারা উক্ত

সুবিধা প্রাপ্তির তারিখ থেকে ১০(দশ) বছর কর অব্যাহতি সুবিধা প্রাপ্য হবে।

- S.R.O 267-L/86 dated 1st July, 1986; বিলোপের মাধ্যমে রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকায় অবস্থিত কোন শিল্প প্রতিষ্ঠান কর্তৃক এস.আর.ও নং ১৪৯-এল/৮১ তারিখ ১২/০৫/১৯৮১ বা এস.আর.ও নং ২৬৮-এল/৮০ তারিখ ০১/০৭/১৯৮০ এ উলি-খিত কর অব্যাহতির মেয়াদান্তে<sup>৩</sup> প্রদত্ত অতিরিক্ত কর অব্যাহতি সুবিধা ভোগের বিধান বাতিল করা হয়েছে।
- S.R.O 268-L/86 dated 1st July, 1986 বিলোপের মাধ্যমে রপ্তানি প্রক্রিয়াজাতকরণ এলাকায় অবস্থিত কোন শিল্প প্রতিষ্ঠান থেকে কোন অনিবাসী করদাতা কর্তৃক প্রাপ্ত ডিভিডেন্ড আয় করমুক্ত হিসেবে বিবেচনা করার বিধান বাতিল করা হয়েছে।
- S.R.O 358-L/86 dated 10th September, 1986 বিলোপের মাধ্যমে কোন কোম্পানীর মালিকানাধীন বাংলাদেশে স্থাপিত শিল্প প্রতিষ্ঠান Foreign Private Investment (Promotion and Protection) Act, 1980 এর আওতায় পরিচালিত হলে উক্ত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কতিপয় শর্ত পরিপালন সাপেক্ষে কর অব্যাহতি সুবিধা প্রাপ্তির বিধান বাতিল করা হয়েছে। তবে, যে সকল শিল্প ৩০ জুন ২০১২বা তার আগে

এ সুবিধা ভোগরত আছে তারা উক্ত সুবিধা প্রাপ্তির তারিখ থেকে নির্দিষ্ট মেয়াদ পর্যন্তে কর অব্যাহতি সুবিধা প্রাপ্য হবে (পরিশিষ্ট-৬)।

(ছ) ভাড়ায় চালিত সড়ক যানবাহনের অনুমিত আয়করের হার বৃদ্ধিঃ

এস, আর, ও নং ২২২-আইন/আয়কর/২০১২, তারিখঃ ২৭ জুন, ২০১২ এর মাধ্যমে ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ/৩০ জুন ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১৭১-আইন/২০০৯ এর সংশোধনকরতঃ ভাড়ায় চালিত সড়ক যানবাহনের অনুমিত আয়করের হার নিম্নরূপ নির্ধারণ করা হয়েছেঃ

(অ) রেজিস্ট্রেশন এর তারিখ থেকে দশ বছর অতিক্রান্তে হয়নি এমন যানবাহন এর ক্ষেত্রে-

ক্রঃ	সড়ক যানবাহনের ধরণ	অনুমিত আয়করের হার
(১)	৫২ সিটের অধিক আসন বিশিষ্ট বাস	টাকা ১০,০০০.০০
(২)	৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট বাস	টাকা ৭,০০০.০০
(৩)	কনটেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার	টাকা ১৫,০০০.০০
(৪)	পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতা সম্ভূত ট্রাক বা ট্যাংক-লরি	টাকা ১০,০০০.০০
(৫)	দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতাসম্ভূত ট্রাক বা ট্যাংক-লরি	টাকা ৬,০০০.০০
(৬)	দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতা সম্ভূত ট্রাক, পিক-আপ, সকল ধরণের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী বা যাত্রী বহনকারী অটোরিক্সা	টাকা ২,৫০০.০০

(আ) রেজিস্ট্রেশনের তারিখ থেকে দশ বছর অতিক্রান্তে হয়েছে এরূপ সড়ক যানবাহনের ক্ষেত্রে-

ক্রঃ	সড়ক যানবাহনের ধরণ	অনুমিত আয়করের হার
১)	৫২ সিটের অধিক আসন বিশিষ্ট বাস	টাকা ৫,০০০.০০



- |     |  |      |          |
|-----|--|------|----------|
| (২) | ৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট বাস  | টাকা | ৩,৫০০.০০ |
| (৩) | কনটেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার   | টাকা | ৮,০০০.০০ |
| (৪) | পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতা সম• ন্ন ট্রাক বা ট্যাংক-লরি   | টাকা | ৬,০০০.০০ |
| (৫) | দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এরূপ ধারণ ক্ষমতাসম• ন্ন ট্রাক বা ট্যাংক-লরি   | টাকা | ৩,০০০.০০ |
| (৬) | দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতা সম• ন্ন ট্রাক, পিক-আপ, সকল ধরণের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী বা যাত্রী বহনকারী অটোরিক্সা | টাকা | ২,০০০.০০ |

অনুমিত আয়করের উপর্যুক্ত হার ১ জুলাই, ২০১২ তারিখে বা তৎপরবর্তীতে কোন সড়ক যান রেজিস্ট্রেশন এর ক্ষেত্রে প্রযোজ্য হবে।  
তাছাড়াও এস, আর, ও নং-১৭১ আইন/আয়কর/২০০৯, তারিখঃ ৩০ জুন, ২০০৯ এবং এস,আর,ও নং -২৬৭ আইন/আয়কর/২০১০, তারিখঃ ১ জুলাই, ২০১০ এর বিধান অনুযায়ী অন্যান্য সড়কযানের ক্ষেত্রে নিম্নরূপ বিধান বলবৎ আছেঃ

(ই) রেজিস্ট্রেশন এর তারিখ থেকে দশ বছর অতিক্রান্ত হইয়া  
এমন যানবাহন এর ক্ষেত্রে-

ক্রঃ	সড়ক যানবাহনের ধরণ	অনুমিত আয়করের হার
১)	তাপানুকুল লাক্সারী বাস	টাকা ২০,০০০.০০
(২)	দোতলা বাস	টাকা ১০,০০০.০০
(৩)	তাপানুকুল মিনিবাস ও কোস্টার	টাকা ১০,০০০.০০
(৪)	শীতাতপ নিয়ন্ত্রিত ট্যাক্সি ক্যাব	টাকা ৭,০০০.০০
(৫)	শীতাতপ নিয়ন্ত্রিত নয় এরূপ ট্যাক্সি ক্যাব	টাকা ২,৫০০.০০

(ঈ) রেজিস্ট্রেশনের তারিখ থেকে দশ বছর অতিক্রান্ত হইয়াছে

এরূপ সড়ক যানবাহনের ক্ষেত্রে-

ক্রঃ	সড়ক যানবাহনের ধরণ	অনুমিত আয়করের হার
------	--------------------	--------------------

১) তাপানুকুল লাক্সারী বাস	টাকা	১০,০০০.০০
২) দোতলা বাস	টাকা	৫,০০০.০০
৩) তাপানুকুল মিনিবাস ও কোস্টার	টাকা	৬,০০০.০০
৪) শীতাতপ নিয়ন্ত্রিত ট্যাক্সি ক্যাব	টাকা	৩,০০০.০০
৫) শীতাতপ নিয়ন্ত্রিত নয় এরূপ ট্যাক্সি ক্যাব	টাকা	১,৫০০.০০

(পরিশিষ্ট-৭)

## (জ) Corporate Social Responsibility (CSR)

এর আওতা সংশোধনঃ

এস, আর, ও নং ২২৩-আইন/আয়কর/২০১২, তারিখঃ ২৭ জুন, ২০১২ এর মাধ্যমে ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/০৪ জুলাই ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ২২৯-আইন/আয়কর/২০১১ এর সংশোধনক্রমে প্রধান মন্ত্রীর উ” চ শিক্ষা ফান্ডে অনুদানের অর্থকে CSR এর আওতায় আয়কর রেয়াতের জন্য বিবেচনার বিধান বিলোপ করা হয়েছে। তবে, আয়কর অধ্যাদেশের Sixth Schedule এর part A তে একটি নতুন অনুচ্ছেদ সংযোজনের মাধ্যমে প্রধান মন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২ এর আওতায় গঠিত তহবিলে প্রদত্ত নির্ধারিত সীমার অনুদান করমুক্ত আয় হিসেবে বিবেচনার বিধান করা হয়েছে। এ পরিপত্রের ৪০ (ঘ) অনুচ্ছেদে এ বিষয়ে বর্ণনা করা হয়েছে।

একই এস.আর.ও এর মাধ্যমে নিম্নোক্ত ২টি খাতে প্রদত্ত অনুদানকে Corporate Social Responsibility (CSR) এর আওতায় কর রেয়াতের জন্য গণ্য করার বিধান করা হয়েছেঃ

- এইচআইভি, এইডস বা মাদকাসক্ত ব্যক্তিদের চিকিৎসা, সচেতনতা বৃদ্ধি ও পুনর্বাসন কেন্দ্র পরিচালনায় নিয়োজিত অলাভজনক বেসরকারী স্বে” ছাসেবী সমাজকল্যাণম—লক প্রতিষ্ঠান বা সংস্থায় প্রদত্ত অনুদান; এবং

- বিদেশে পাচার হতে উদ্ধারকৃত শিশু ও নারীদের পুনর্বাসন কেন্দ্র পরিচালনায় নিয়োজিত অলাভজনক বেসরকারী স্বেচ্ছাসেবী সমাজকল্যাণম-লক প্রতিষ্ঠান বা সংস্থায় প্রদত্ত অনুদান।

(পরিশিষ্ট -৮)

(ঝ) নৌযানের অনুমিত আয়কর সংক্রান্তঃ :

এস, আর, ও নং ২২৪-আইন/আয়কর/২০১২, তারিখঃ ২৭ জুন, ২০১২ এর মাধ্যমে ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ/৩০ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১৭৩-আয়কর/২০০৯ রহিতক্রমে নতুন একটি এস.আর.ও প্রণয়ন করা হয়েছে। নতুন এস.আর.ও অনুযায়ী অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যান এবং মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো, কোস্টার ও ডাম্প-বার্জ রেজিস্ট্রেশন এর ক্ষেত্রে বিদ্যমান অনুমিত আয়করের হার বহাল রাখা হয়েছে। তবে, প্রদেয় অনুমিত আয়করের ১০ (দশ) গুন আয়কর উক্ত নৌ-যান রেজিস্ট্রেশন এর সময় পরিশোধ করার শর্তে উক্ত নৌ-যান ক্রয়/অর্জনে বিনিয়োগকৃত অর্থকে বিনা ব্যাখ্যায় গ্রহণের বিধান করা হয়েছে।(পরিশিষ্ট- ৯)

(ঞ)বিকল্প বিরোধ নিষ্পত্তি কার্যক্রমের অধিক্ষেত্র সম্পর্কিত সারণঃ

এস, আর, ও নং ২৫০-আইন/আয়কর/২০১২, তারিখঃ ১ জুলাই, ২০১২ এর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডের ৩০ ফাল্গুন, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ১৩ মার্চ, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ৭০-আইন/আয়কর/২০১২ বাতিলক্রমে সমগ্র বাংলাদেশের সকল করদাতাগণকে বিকল্প বিরোধ নিষ্পত্তি

(Alternative Dispute Resolution) এর জন্য যোগ্য (eligible) বলিয়া নির্ধারণ (specify) করা হয়েছে। তবে, বাতিলকৃত প্রজ্ঞাপনের আওতায় বিকল্প বিরোধ নিষ্পত্তির যে সকল আবেদন প্রক্রিয়াধীন আছে সেগুলো নিষ্পত্তিতে কোন বাধা নেই। (পরিশিষ্ট-১০)

### ৪৩। আয়কর বিধিমালা সংশোধনঃ

এস.আর.ও নং ২৫১-আইন/আয়কর/২০১২, তারিখ, ১৭ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/ ১ জুলাই, ২০১২ এর মাধ্যমে আয়কর বিধিমালা, ১৯৮৪ এর কতিপয় বিধি নিম্নরূপ সংশোধন করা হয়েছেঃ

(ক) বিধি 14 সংশোধনপ—বর্ক ইলেক্ট্রনিক পদ্ধতিতে (E-payment) আয়কর পরিশোধের বিধান অন্বেষণ করা হয়েছে। 26A বিধিতেও এ বিষয়ে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়েছে। তবে, চালান বা পে-অর্ডার এর মাধ্যমে আয়কর পরিশোধ/জমাদানের প—র্ববর্তী বিধান অব্যাহত রাখা হয়েছে।

(খ) বিধি 17A প্রতিস্থাপনপ—বর্ক আমদানী পর্যায়ে উৎসে আয়করের হার সংশোধন করা হয়েছে। প্রতিস্থাপিত বিধিতে নিম্নোক্ত পণ্য আমদানীর ক্ষেত্রে প্রতি টনে ৮০০/- (আট শত) টাকা হারে উৎসে আয়কর আদায়ের বিধান করা হয়েছেঃ

- (i) Ferrous products obtained by direct reduction of iron ore and ..... or similar forms (H. S Code 7203);
- (ii) Ferrous waste of and scrap; remelting scrap ingots of iron or steel (H.S Code 72.04.10.00, 72.04.21.00, 7204.29.00, 7204.30.00, 7204.41.00, 7204.49.00, 7204.50.00);
- (iii) Iron and non-alloy steel in ingots or other primary forms (excluding iron of heading 72.03) [H.S Code 7206.10.00];

(iv) Semi-finished products of iron or non-alloy steel (Billet) (H.S Code 72.07); or

(v) Vessels and other floating structures for breaking up (H. S Code 8908.00.00);

উপর্যুক্ত পণ্য ব্যতীত এবং প্রতিস্থাপিত বিধিতে (২১১+১৮) মোট ২২৯ টি আইটেমে উল্লেখিত আমদানী পর্যায়ে উৎসে আয়কর আদায়বিহীন পণ্য ব্যতীত অন্যান্য পণ্য আমদানীর ক্ষেত্রে আমদানী ম-ল্যের ৫% হারে উৎসে আয়কর আদায়ের বিধান বহাল আছে।

(গ) বাড়ী ভাড়া থেকে উৎসে আয়কর কর্তন বিষয়ে আয়কর অধ্যাদেশের ধারা 53A সংশোধনপ-র্বক বিধি 17B বিলুপ্ত হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী যে কোন অংকের বাড়ী ভাড়া পরিশোধের ক্ষেত্রে পরিশোধযোগ্য অংকের পরিমাণ নির্বিশেষে ৫% হারে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে।

(ঘ) খালি জমি বা প-ন্ট মেশিনারী ভাড়া থেকে উৎসে আয় কর্তন বিষয়ে আয়কর অধ্যাদেশের ধারা 53J সংশোধনপ-র্বক বিধি 17BB বিলুপ্ত হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী যে কোন অংকের ভাড়া পরিশোধের ক্ষেত্রে পরিশোধযোগ্য অংকের পরিমাণ নির্বিশেষে ৫% হারে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে।

(ঙ) আয়কর বিধিমালার বিধি 24(1aaa) সংশোধনের মাধ্যমে ৯০ টি এ্যাসেসমেন্টের আয়কর রিটার্নে করহার সংশোধন করা হয়েছে। পরিবর্তিত বিধান অনুযায়ী-

(অ) আট লক্ষ টাকা পর্যন্ত ম-লখন রয়েছে এমন ব্যবসার ক্ষেত্রে ৯০ টি এ্যাসেসমেন্টের করহার ৩,০০০/- টাকা। ৮ লক্ষ টাকার অধিক তবে ১০ লক্ষ টাকার অধিক ম-লখন নয় এমন ব্যবসার ৯০ টি এ্যাসেসমেন্ট এর ক্ষেত্রে করহার ৫,০০০/- টাকা।

(আ) পেশাগত অভিজ্ঞতা ৫ বছর বা তার কম এমন পেশার ৯০ টি এ্যাসেসমেন্ট এর করহার ৩,০০০/- টাকা। পেশাগত অভিজ্ঞতা ৫ বছরের বেশী তবে ১০ বছরের বেশী নয় এমন পেশার ৯০ টি এ্যাসেসমেন্ট এর করহার ৫,০০০/- টাকা।

অন্যদিকে, বিধি 38B ও অনুরূপভাবে সংশোধন করা হয়েছে। তবে, ১ জুলাই, ২০১২ তারিখের পূর্বে কোন করদাতা স্প. ট এ্যাসেসমেন্টের আওতায় কোন কর প্রদান করে থাকলে উক্ত করদাতা প্রথম বছরে যে হারে কর প্রদান করেছে সে করহার পরবর্তী ২ বছরের জন্য অপরিবর্তিত থাকবে।

(চ) বিধি 24A সংশোধনের মাধ্যমে উৎসে আয়কর সংক্রান্তে রিটার্নে উৎসে আয়কর কর্তনের ২টি নতুন খাত যথাঃ ইন্টারন্যাশনাল গেইটওয়ে সার্ভিস ও এক্সপোর্ট ক্যাশ সাবসিডি থেকে উৎসে আয়কর কর্তনের জন্য দুটি এন্ট্রি সংযোজন করা হয়েছে। একই বিধিতে প্রয়োজনীয় সংশোধনের মাধ্যমে নবসৃষ্ট কর অঞ্চলে আয়কর জমাদানের হিসাব কোডসম—হ সংযোজন করা হয়েছে।

(ছ) বিকল্প বিরোধ নিস্পত্তির আবেদন ফরম সংক্রান্তে বিধি 27C বিলোপ করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড থেকে জারীকৃত এস.আর.ও নং -৬৮-আইন/আয়কর/২০১১, তারিখঃ ০৫/০৩/২০১২ এর মাধ্যমে পৃথকভাবে বিকল্প বিরোধ নিস্পত্তি (পদ্ধতি) বিধিমালা, ২০১২ প্রণয়ন করায় বিধি 27C অপ্রয়োজনীয় হওয়ায় উক্ত বিধিটি বিলোপ করা হয়েছে।

(জ) বিধি 29 এ প্রয়োজনীয় সংশোধনীর মাধ্যমে হাইকোর্টে রেফারেন্স দায়েরের আবেদন ফরমে 'SHEWETH' এর ক্রমিক নং '5' এর পর 'QUESTION OF LAW' শব্দসম—হ সন্নিবেশিত করা হয়েছে।

(ঝ) বিধি 64B এ প্রয়োজনীয় সংশোধনীর মাধ্যমে ম্যানুয়েল পদ্ধতির পাশাপাশি ইলেক্ট্রনিক পদ্ধতিতে টি.আই.এন আবেদন ফরম দাখিলের বিধান করা হয়েছে। একই বিধিতে আরো সংশোধনীর মাধ্যমে টি.আই.এন আবেদন ফরমে জাতীয় পরিচয় পত্র বা পাসপোর্ট নম্বর এর যে কোন একটি উল্লেখ বাধ্যতামূলক করা হয়েছে।

(ঞ) বিধি 67 এ প্রয়োজনীয় সংশোধনীর মাধ্যমে উপ-বিধি (১) সংশোধন করে আয়কর অধ্যদেশের ১১৭ ধারায় তল-াশী ও জন্ম করার ক্ষেত্রে উপ-বিধি (৩) থেকে (১৮) অনুসরণের বিধান করা হয়েছে। এছাড়া উপ-বিধি (৩) সংশোধন করে তল-াশী ও জন্ম করার ক্ষমতাপত্রে আয়কর

অধ্যাদেশের ১১৭(১) ধারায় বর্ণিত কর্তৃপক্ষের নাম, পদবী ও সীল সহ স্বাক্ষরের বিধান করা হয়েছে।

করদাতার ব্যবসাস্থল বা ভবন ইত্যাদি তল-াশী করে হিসাবের খাতাপত্র বা প্রমানাদি, ইলেক্ট্রনিক রেকর্ডস বা সিস্টেমস, ইলেক্ট্রনিক ডিভাইসেস ইত্যাদি জব্দ করা ক্ষেত্রে জব্দকৃত মালামালের একটি তালিকা করদাতাকে প্রদানের লক্ষ্যে একটি তালিকা সংযোজনপ-র্বক উপ-বিধি (১৯) প্রতিস্থাপন করা হয়েছে। (পরিশিষ্ট-১১)

## ৪৪। বিদেশ ভ্রমণ কর হার সংশোধনঃ

এস, আর, ও নং ২২৫-আইন/ভ্রমণ কর/২০১২, তারিখঃ ২৭ জুন, ২০১২ এর মাধ্যমে বিদেশ ভ্রমণ কর হার নির্ধারণ বিধিমালা, ২০০৪ সংশোধনপ-র্বক-

(অ) উত্তর আমেরিকা, দক্ষিণ আমেরিকা, ইউরোপ, আফ্রিকা, অষ্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, চীন, জাপান, হংকং, উত্তর কোরিয়া, দক্ষিণ কোরিয়া, ভিয়েতনাম, লাউস, কম্বোডিয়া ও তাইওয়ান গমনের ক্ষেত্রে ভ্রমণকর ২,৫০০/- টাকা থেকে বৃদ্ধি করে ৩,০০০/- টাকা নির্ধারণ করা হয়েছে;

(আ) সার্কভূক্ত দেশ ভ্রমণের ক্ষেত্রে ভ্রমণ কর হার ৮০০/- টাকা থেকে বৃদ্ধি করে ১,০০০/- টাকা নির্ধারণ করা হয়েছে; এবং

(ই) উপর্যুক্ত দেশসম-হ ব্যতীত অন্য যে কোন দেশে ভ্রমণের ক্ষেত্রে ভ্রমণ কর হার ২,০০০/- টাকা থেকে বৃদ্ধি করে ২,৫০০/- টাকা নির্ধারণ করা হয়েছে। (পরিশিষ্ট-১২)

১ লা জুলাই, ২০১২ তারিখ বা তার পরবর্তীতে টিকেট বিক্রয়কালে বিমান সংস্থাসম-হ তাদের নিজস্ব অফিস বা এজেন্টের মাধ্যমে উলি-খিত হারে ভ্রমণ কর আদায় করবে।

৪৫। বাজেট কার্যক্রম, ২০১২ এর আওতায় প্রণীত কর অব্যাহতি সংক্রান্ত<sup>৩</sup> প্রজ্ঞাপনসম-হের অনুলিপি, আয়কর বিধিমালা, ১৯৮৪ এর কতিপয় বিধি সংশোধন এর লক্ষ্যে জারীকৃত প্রজ্ঞাপনের অনুলিপি এবং বিদেশ ভ্রমণ করহার সংশোধন সংক্রান্ত<sup>৩</sup> জারীকৃত প্রজ্ঞাপনের অনুলিপি পরিশিষ্টতে সংযোজন করা হলো।

অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে আনীত আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ ও আয়কর বিধিমালা, ১৯৮৪ এর সংশোধনী/পরিবর্তনসম-হ এবং নতুন জারীকৃত প্রজ্ঞাপন সম-হ সহজবোধ্যভাবে উপস্থাপনের উদ্দেশ্যে এ পরিপত্র প্রনয়ণ করা হয়েছে। এ পরিপত্রের কোন বক্তব্য বা উপস্থাপন আয়কর অধ্যাদেশ, ১৯৮৪, আয়কর বিধিমালা, ১৯৮৪ এবং নতুন জারীকৃত প্রজ্ঞাপনের সাথে সাংঘর্ষিক হলে বা কোন ম-দ্রণজনিত ত্রুটি<sup>৩</sup> কারণে অস্বাভাবিকতা দেখা দিলে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪, আয়কর বিধিমালা, ১৯৮৪ এবং জারীকৃত ম-ল প্রজ্ঞাপনসম-হ প্রাধান্য পাবে।

(এ কে এম বদিউল আলম)  
প্রথম সচিব (কর নীতি)



# পরিশিষ্ট

অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২১৬-আইন-আয়কর/২০১২। Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, এতদ্বারা অত্র বিভাগের ২২ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৬ জুলাই, ২০১১ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৩৪-আইন/আয়কর/২০১১ রহিতক্রমে, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত শিল্প ও বণিক সমিতি, বাণিজ্য সংগঠন, শিল্প বা বণিক সমিতি ফেডারেশন এর সুদ বা মুনাফা আয় (income from interest), গৃহ সম্পত্তি হইতে আয় (income from house property) এবং ব্যবসা আয় (income from business) ব্যতীত অন্যান্য সকল আয়কে উক্ত Ordinance এর আওতায় প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। ইহা ১ জুলাই, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সৈয়দ মোঃ আমিনুল করিম)

অতিরিক্ত সচিব

(পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিশিষ্ট-২

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২১৭-আইন-আয়কর/২০১২।-Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, এতদ্বারা অত্র বিভাগের ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১০ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৬৫-আইন/আয়কর/২০১০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:

উপরি-উক্ত প্রজ্ঞাপনে উলি-খিত “ ৩০শে জুন, ২০১২” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা পরিবর্তে “ ৩০ জুন, ২০১৪” সংখ্যাগুলি, শব্দ ও কমা প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সৈয়দ মোঃ আমিনুল করিম)

অতিরিক্ত সচিব

(পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিশিষ্ট-৩ অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২১৮-আইন/আয়কর/২০১২।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ২৮ পৌষ ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ১১ জানুয়ারী, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২১-আইন/আয়কর/২০১২ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর-

(ক) প্রসংহিতায় উল্লিখিত “ ৩০শে জুন, ২০১২” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে “ ৩০ জুন, ২০১৩” সংখ্যাগুলি, শব্দ ও কমা প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“ (ক) উক্ত ১০% হারে কর প্রদানের লক্ষ্যে ১৫ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপ কর কমিশনারের নিকট সংযুক্ত ছকে কর অনারোপিত আয় বিনিয়োগ সংক্রান্ত ঘোষণা প্রদান করিতে হইবে;

তবে শর্ত থাকে যে, যে সকল করদাতা ৩০ জুন, ২০১২ এর মধ্যে উক্ত বিনিয়োগ করিয়াছেন, সে সকল করদাতাকে ১৫ জুলাই, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপ কর কমিশনারের নিকট উক্ত ঘোষণা প্রদান করিতে হইবে;”;

(গ) দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“ (ঘ) উক্ত বিনিয়োগকৃত অর্থ আগামী ৩০ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে উত্তোলন বা অন্যত্র স্থানান্তর করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, ৩০ জুন, ২০১২ এর মধ্যে বিনিয়োগকৃত অর্থ ৩০ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের পরবর্তী যে কোন সময়ে উত্তোলন বা অন্যত্র স্থানান্তর করা যাইবে;” ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সৈয়দ মোঃ আমিনুল করিম)

অতিরিক্ত সচিব

(পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিশিষ্ট-৪ অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ আষাঢ় ১৪১৯ বঙ্গাব্দ/ ২৭ জুন ২০১২ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২১৯-আইন/আয়কর/২০১২ I-Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উলিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং এতদ্বিষয়ে অত্র বিভাগের ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২১৯-আইন/আয়কর/২০১১ রহিতক্রমে সরকার, The Bangladesh Export Processing Zones Authority Act, 1980 (Act No. XXXVI of 1980) এর section 10 এর অধীন ঘোষিত Export Processing Zone বা বাংলাদেশ বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল আইন, ১৯৯৬ (১৯৯৬ সালের ২০ নং আইন) এর ধারা ১১ এর অধীন ঘোষিত যে কোন রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল এ ১ জানুয়ারী, ২০১২ খ্রি: তারিখে বা তৎপরবর্তীতে স্থাপিত যে কোন শিল্প হইতে উদ্ভূত আয়কে নিম্নবর্ণিত হারে ও শর্তে আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

(ক) ঢাকা ও চট্টগ্রাম বিভাগ (বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি জেলা ব্যতীত) এ স্থাপিত হইলে-

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
প্রথম দুই বৎসর (প্রথম ও দ্বিতীয় বৎসর)	১০০%
পরবর্তী দুই বৎসর (তৃতীয় ও চতুর্থ বৎসর)	৫০%
পরবর্তী এক বৎসর (পঞ্চম বৎসর)	২৫%;

(খ) উপ-দফা (ক) এ উলি-খিত বিভাগ ব্যতীত অন্যান্য বিভাগ এ বা বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি জেলায় স্থাপিত হইলে-

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
প্রথম তিন বৎসর (প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বৎসর)	১০০%
পরবর্তী দুই বৎসর (চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ বৎসর)	৫০%
পরবর্তী এক বছর (সপ্তম বছর)	২৫%;

(গ) উপরি-উল্লিখিত শিল্প প্রতিষ্ঠানকে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 75 এ বর্ণিত নির্ধারিত সময়ে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

০২। এই বিধান ১ জানুয়ারী, ২০১২ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সৈয়দ মোঃ আমিনুল করিম)  
অতিরিক্ত সচিব  
(পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিশিষ্ট-৫  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ আষাঢ় ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন ২০১২ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২২০-আইন/আয়কর/২০১২।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৭ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৮৭-আইন/ ২০০৯ এবং ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২২২-আইন/ আয়কর/২০১১ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর-

(অ) অনুচ্ছেদ ১ এর দফা (১) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১) প্রদেয় আয়করের হার হইবে নিম্নরূপ, যথা:-

ক্রঃ নং	গাড়ীর ধরণ	প্রদেয় আয়করের হার
(ক)	১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য	টাকা ১৫,০০০.০০
(খ)	২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য	টাকা ৩০,০০০.০০
(গ)	২০০০ সিসির উপরে প্রতিটি মোটরকার এর জন্য	টাকা ৫০,০০০.০০
(ঘ)	২৮০০ সিসি পর্যন্ত প্রতিটি জীপ এর জন্য	টাকা ৬০,০০০.০০
(ঙ)	২৮০০ সিসির উপরে প্রতিটি জীপ এর জন্য	টাকা ১,০০,০০০.০০
(চ)	মাইক্রোবাস প্রতিটির জন্য	টাকা ১৫,০০০.০০





(আ) অনুে” ছদ ৪ এর পর নিম্নরূপ ন—তন অনুে” ছদ ৫ সংযোজিত হইবে, যথা:-

"৫। করযোগ্য স্বত্ত্বা নয় এইরূপ প্রতিষ্ঠানের মালিকানাধীন মোটরকার, জীপ বা মাইক্রোবাসের ক্ষেত্রে এই প্রজ্ঞাপন প্রযোজ্য হইবে না, যদি উক্ত প্রতিষ্ঠান করযোগ্য স্বত্ত্বা নয় মর্মে জাতীয় রাজস্ব বোর্ড হইতে প্রত্যয়নপত্র সংগ্রহপ—র্বক রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নিকট দাখিল করে।" ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সৈয়দ মোঃ আমিনুল করিম)

অতিরিক্ত সচিব

(পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিশিষ্ট-৬  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(আয়কর)  
প্রজ্ঞাপন

তারিখ, ১৩ আষাঢ় ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন ২০১২ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২২১-আইন/আয়কর/২০১২।- Income - tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্বারা নিম্নবর্ণিত প্রজ্ঞাপনসমূহ হ্রাসিত করিল, যথা:-

- (ক) S.R.O 266-L/86 dated 1st July, 1986;
- (খ) S.R.O 267-L/86 dated 1st July, 1986;
- (গ) S.R.O 268-L/86 dated 1st July, 1986; এবং
- (ঘ) S.R.O 358-L/86 dated 10th September, 1986।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সৈয়দ মোঃ আমিনুল করিম)  
অতিরিক্ত সচিব  
(পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিশিষ্ট-৭  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(আয়কর)  
প্রজ্ঞাপন

তারিখ, ১৩ আষাঢ় ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন ২০১২ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২২২-আইন/আয়কর/২০১২।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ/৩০ জুন ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১৭১-আইন/২০০৯ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের -

(ক) দফা (১) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১) প্রতিস্থাপিত হইবে, যথাঃ

(১) যদি উক্ত করদাতা উক্তরূপ বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংকলরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা এর মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত না হইয়া থাকে এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন, যথাঃ-

প্রদেয় আয়কর

- (ক) ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি টাকা ১০,০০০.০০  
বাসের জন্য.....
- (খ) ৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি টাকা ৭,০০০.০০  
বাসের জন্য.....
- (গ) (অ) তাপানুকূল লাঙ্গারী বাস প্রতিটির টাকা ২০,০০০.০০  
জন্য... টাকা ১০,০০০.০০  
(আ) দোতলা বাস প্রতিটির জন্য ....

(ঘ)	তাপানুকূল মিনিবাস/কোস্টার প্রতিটির জন্য..	টাকা ১০,০০০.০০
(ঙ)	অন্যান্য মিনিবাস ও কোস্টার প্রতিটির জন্য..	টাকা ৪,০০০.০০
(চ)	কনটেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য.....	টাকা ১৫,০০০.০০
(ছ)	পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতা সম্• ন্ন ট্রাক বা ট্যাংক-লরি প্রতিটির জন্য.....	টাকা ১০,০০০.০০
(জ)	দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতাসম্• ন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য.....	টাকা ৬,০০০.০০
(ঝ)	দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতা সম্• ন্ন ট্রাক, পিক-আপ, সকল ধরণের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী বা যাত্রী বহনকারী অটোরিক্সা প্রতিটির জন্য.....	টাকা ২,৫০০.০০
(ঞ)	শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য	টাকা ৭,০০০.০০
(ট)	শীতাতপ নিয়ন্ত্রিত নয় এইরূপ প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য .....	টাকা ২,৫০০.০০

(খ) দফা (২) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

(২) যদি উক্ত করদাতা উক্তরূপ বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংকলরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা এর মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত হইয়া থাকে এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন, যথাঃ-

প্রদেয় আয়কর

(ক)	৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য.....	টাকা ৫,০০০.০০
(খ)	৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য.....	টাকা ৩,৫০০.০০
(গ)	(অ) তাপানুকূল লাক্সারী বাস প্রতিটির জন্য .	টাকা ১০,০০০.০০

(আ)	দোতলা বাস প্রতিটির জন্য ....	টাকা ৫,০০০.০০
(ঘ)	তাপানুকূল মিনিবাস/কোস্টার প্রতিটির জন্য	টাকা ৬,০০০.০০
(ঙ)	অন্যান্য মিনিবাস ও কোস্টার প্রতিটির জন্য	টাকা ২,০০০.০০
(চ)	কনটেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য.....	টাকা ৮,০০০.০০
(ছ)	পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতা সম্• ন্ন ট্রাক বা ট্যাংক-লরি প্রতিটির জন্য.....	টাকা ৬,০০০.০০
(জ)	দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতাসম্• ন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য.....	টাকা ৩,০০০.০০
(ঝ)	দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতা সম্• ন্ন ট্রাক, পিক-আপ, সকল ধরণের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী বা যাত্রী বহনকারী অটোরিক্সা প্রতিটির জন্য.....	টাকা ২,০০০.০০
(ঞ)	শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য	টাকা ৩,০০০.০০
(ট)	শীতাতপ নিয়ন্ত্রিত নয় এইরূপ প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য .....	টাকা ১,০০০.০০

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সৈয়দ মোঃ আমিনুল করিম)  
অতিরিক্ত সচিব  
(পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিশিষ্ট-৮  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৩ আষাঢ় ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন ২০১২ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২২৩-আইন/আয়কর/২০১২।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২২৯-আইন/আয়কর/২০১১ এর তফসিল-খ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

- (ক) দফা (১৯) এর প্রাসংগিক স্থানে “এবং” শব্দটি বিলুপ্ত হইবে; এবং  
(খ) দফা (২০) বিলুপ্ত হইবে এবং অতঃপর নিম্নরূপ ন-তন দুইটি দফা (২১) ও (২২) সংযোজিত হইবে, যথা:-

“(২১) এইচআইভি,এইডস বা মাদকাসক্ত ব্যক্তিদের চিকিৎসা, সচেতনতা বৃদ্ধি ও পুনর্বাসন কেন্দ্র পরিচালনায় নিয়োজিত অলাভজনক বেসরকারী স্বে” ছাসেবী সমাজকল্যাণম-লক প্রতিষ্ঠান বা সংস্থায় প্রদত্ত অনুদান; এবং

(২২) বিদেশে পাচার হইতে উদ্ধারকৃত শিশু ও নারীদের পুনর্বাসন কেন্দ্র পরিচালনায় নিয়োজিত অলাভজনক বেসরকারী স্বে” ছাসেবী সমাজকল্যাণ ম-লক প্রতিষ্ঠান বা সংস্থায় প্রদত্ত অনুদান।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সৈয়দ মোঃ আমিনুল করিম)

ଅତିରିକ୍ତ ସଚିବ  
(ପଦାଧିକାରବଳେ)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিশিষ্ট-৯  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(আয়কর)  
প্রজ্ঞাপন

তারিখ, ১৩ আষাঢ় ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন ২০১২ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২২৪-আইন/আয়কর/২০১২।-Income- tax  
Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section  
(4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই বিভাগের ১৬ আষাঢ়, ১৪১৬  
বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০০৯ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ১৭৩-  
আয়কর/২০০৯ রহিতক্রমে-

(১) অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যান এবং মালামাল  
পরিবহনে নিয়োজিত কার্গো, কোস্টার ও ডাম্প বার্জ হইতে কোন করদাতার  
অর্জিত সম্পূর্ণ আয় নিম্নবর্ণিত শর্তাধীনে আয়কর প্রদান করা হইতে অব্যাহতি  
প্রদান করিল, যথাঃ-

(ক) যদি উক্ত করদাতা উক্তরূপ নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্প বার্জের  
মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর  
অতিক্রান্ত না হইয়া থাকে এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান  
করেন, যথাঃ-

(অ) অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের  
ক্ষেত্রে, উহার দিবাকালীন যাত্রী পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে  
যাত্রীপ্রতি ৭৫.০০ টাকা;

(আ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত  
কার্গো বা কোস্টারের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর  
ক্ষমতার ভিত্তিতে এস টনেজপ্রতি ১০০.০০ টাকা;

(ই) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্• বার্জের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজ প্রতি ৭৫.০০ টাকা।

(খ) যদি উক্ত করদাতা উক্তরূপ নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্• বার্জের মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত হইয়া থাকে এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন, যথাঃ-

(অ) অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত নৌ-যানের ক্ষেত্রে, উহার দিবাকালীন যাত্রী পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে যাত্রীপ্রতি ২৫.০০ টাকা;

(আ) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত কার্গো বা কোস্টারের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজপ্রতি ৩৫.০০ টাকা;

(ই) অভ্যন্তরীণ নৌ-পথে মালামাল পরিবহনে নিয়োজিত ডাম্• বার্জের ক্ষেত্রে, উহার মালামাল পরিবহন এর ক্ষমতার ভিত্তিতে গ্রস টনেজপ্রতি ২৮.০০ টাকা।

(গ) দফা (ক) ও (খ) এ উল্লিখিত করদাতাকে উক্ত দফাসম—প্ত্রি বর্ণিত হারে আয়কর সংশি-ষ্ট নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্• বার্জের সার্ভে সার্টিফিকেট নবায়নের প—র্বে প্রদান করিতে হইবে।

(ঘ) দফা (ক) ও (খ) এর অধীন প্রদেয় আয়কর সংশি-ষ্ট কর সার্কেলের উপ-কর কমিশনার এর বরাবর ইস্যুকৃত কোন তফসিলী ব্যাংকের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে।

(ঙ) এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারে নির্দিষ্ট খাতে আয়কর জমা প্রদানের চালান অথবা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার সংশ্লিষ্ট নৌ-যান, কার্গো, কোস্টার বা ডাম্• বার্জের রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ অথবা, ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়ন কর্তৃপক্ষের বরাবরে উপস্থাপন বা জমা প্রদান না করা

পর্যন্ত<sup>৩</sup> এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষ উক্ত যানের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, সার্ভে সার্টিফিকেট নবায়ন করিবে না।

(চ) এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারীর নৌ-যান, কার্গো, কোস্টার বা ডান্স• বার্জ হইতে অর্জিত আয় তাহার আয়কর রিটার্নে অন্বেষণ করা যাইবে, তবে এইরূপ আয়ের জন্য অতিরিক্ত কর প্রদেয় হইবে না এবং এইরূপ আয়ের পরিমাণ প্রদত্ত আয়করের ক্ষেত্রে প্রযোজ্য মোট আয়ের বেশী হইবে না।

(২) উপ-অনু<sup>৩</sup> ছদ (১) এর দফা (ক) এ বর্ণিত নৌ-যানের ক্ষেত্রে উক্ত দফায় নির্ধারিত আয়করের পরিমাণ এর দশ গুন আয়কর উক্ত নৌ-যান রেজিস্ট্রেশনের সময় পরিশোধ করার শর্তে কোন করদাতার আয়, যাহা উক্ত নৌ-যান ক্রয় বা অর্জনে বিনিয়োগ করা হইয়াছে, আয়কর হইতে অব্যাহতি প্রাপ্ত হইবে।

২। এই প্রজ্ঞাপন তৈলবাহী নৌ-যান (oil tanker) এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সৈয়দ মোঃ আমিনুল করিম)

অতিরিক্ত সচিব

(পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিশিষ্ট-

১০ অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ আষাঢ় ১৪১৯ বঙ্গাব্দ/১ জুলাই ২০১২ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং ২৫০-আইন/আয়কর/২০১২।- Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 152F(2) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ৩০ ফাল্গুন, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ১৩ মার্চ, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ৭০-আইন/আয়কর/২০১২ বাতিলক্রমে, এতদ্বারা সমগ্র বাংলাদেশের সকল করদাতাগণকে বিকল্প বিরোধ নিষ্পত্তি (Alternative Dispute Resolution) এর জন্য যোগ্য (eligible) বলিয়া নির্ধারণ (specify) করিলঃ

তবে শর্ত থাকে যে, উক্ত বাতিলকৃত প্রজ্ঞাপনের অধীন অনিষ্পত্তি কার্যক্রম এমনভাবে নিষ্পত্তি করিতে হইবে যেন উক্ত প্রজ্ঞাপন বাতিল করা হয় নাই।

২। ইহা ১৭ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

সৈয়দ মো: আমিনুল করিম

সদস্য (কর নীতি)

১১

অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
জাতীয় রাজস্ব বোর্ড  
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০১২ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২৫১-আইন/আয়কর/২০১২।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 185 এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, Income Tax Rules, 1984 এ নিম্নরূপ অধিকতর সংশোধনের প্রস্তাব করিয়া এতদ্বারা উহা প্রাক-প্রকাশ করিল, যথা:-

উপরি-উক্ত Rules এর-

(১) rule 14 এর sub-rule (1) এর পরিবর্তে নিম্নরূপ sub-rule (1) প্রতিস্থাপিত হইবে, যথা:-

